যদি দুজন মানুষ পরস্পরকে ভালবেসে একসঙ্গে থাকতে চায়, সন্তানদের সমানভাবে মানুষ করতে চায়, সমাজের সঙ্গে সম্পর্কে জড়াতে চায়, তার চেয়ে ভাল, গণতান্ত্রিক আর কী-ই বা হতে পারে। কিন্তু বাস্তব কি তাই, আমাদের চারপাশে বহু পরিবারে কোন ভালবাসা নেই, অত্যাচার আছে, ভাত কাপড়ের বিনিময়ে স্ত্রী সেখানে যৌনকর্মী মাত্র। অধিকাংশ ক্ষেত্রে মেয়েদের ক্ষমতা নেই, সুযোগ নেই এই সম্পর্ক থেকে বেরিয়ে এসে অন্য জীবন বেছে নেওয়ার। আবার কিছু ক্ষেত্রে স্বামী-স্ত্রী দুজনেই জানাবোঝা সত্ত্বেও সামাজিক চাপে বিয়ে এবং পরিবার টিকিয়ে রাখতে বাধ্য হয়। এই অবস্থা কি কাম্য? স্বাস্থ্যকর?

**নারী নিয়ন্ত্রণের সহজরাস্তা— সতী-অসতীর ছাপ্পা ঃ**

এই যে চেপে বসা পরিবারতন্ত্র, অসম দাম্পত্য সম্পর্ক তার প্রধান শত্রু হিসেবেও দেখান হয় মেয়েদের যৌনতাকেই। ভাগ করে দিয়ে শাসন করার এই নিয়মে তৈরি হয় স্ত্রী বনাম পতিতার বিভাজন অথবা সতী বনাম অসতীর গল্প। সতীসাধ্বী স্ত্রীর কোন যৌনতা থাকে না— শুধু থাকে মা হওয়া আর সংসারের কাজ, তার ঠিক উল্টো প্রান্তে থাকে 'নষ্ট' মেয়েমানুষ, যে আবার নিছক একটি যৌনযন্ত্র— মাতৃত্ব, সংসারের কাজ তার জন্য নয়। এর মাঝখানে মেয়েদের ভালো মন্দের বিচার চলে তাদের যৌনতা লুকিয়ে রাখবার ইচ্ছা বা চেষ্টার ওপর ভিত্তি করে। পাড়ার মেয়ে বেশি সাজলে খারাপ, মডেল কিংবা চলচ্চিত্রের নায়িকা অনেকটাই নষ্ট ইত্যাদি। এই পুরো ব্যাপারটাতেই মেয়েদের যৌনতার সঙ্গী তৈরি করে পুরুষেরা এভাবে তারা মেয়েদের যৌনতা নিয়ন্ত্রণ করতে চায়। তাদের সুবিধা মেটাতে, তাদের তৈরি করা সমাজের কাঠামো অটুট রাখতে। এক দিকে সংসার-পরিবার বাঁচাতে তার স্ত্রী আছে, অন্য দিকে তার যৌনকামনা মেটাতে আছে যৌনকর্মীরা, মেয়েদের যৌনতার স্বাধীন স্বীকৃতি কোথাও নেই।

আমাদের যৌনকর্মীদের মতো এত বেশি করে আর বোধ হয় কেউ জানে না কী গভীর নিঃসঙ্গতা, কী যন্ত্রণা ও আর্তির থেকে, কী প্রবল কামনা পুরুষকে আমাদের কাছে নিয়ে আসে। যৌনক্রিয়া একটি যান্ত্রিক প্রক্রিয়া নয় এবং ক্ষেত্রবিশেষে তাৎক্ষণিক উত্তেজনার উপশম করলেও যৌন অনুভূতিও আনন্দের পূর্ণতা দেয় না। শারীরিক সঙ্গমের বাইরেও স্পর্শের অন্তরঙ্গতার সখ্যের অনুভবের এক বিরাট পরিষেবা আমরা দিই, যে যৌনতার, যে কাজের কোন মূল্য সমাজ আমাদের দেয় না। পুরুষ এই প্রয়োজনে আমাদের কাছে আসতে পারে। গোপন হলেও তার একটা স্বীকৃত কাঠামো আছে, বিশাল একটা ব্যবসা আছে। কোনও মেয়ের যৌন কামনা মেটাতে যৌনকর্মীদের পরিষেবা গ্রহণ করার কোন ব্যবস্থা নেই। তার স্বাধীন যৌনতার কোন স্বীকৃতিই নেই। সে শুধু যৌন ব্যবসায় জড়াতে পারে নিজেই যৌনকর্মী হয়ে।

**মেয়েরা যৌন ব্যবসায় আসে কেন ?**

অন্য আর পাঁচটা পেশায় মানুষ যে-কারণে যায়, সে-ভাবেই যৌন ব্যবসায় অধিকাংশ মেয়েই আসে পেটের তাড়নায়। যে বিহারী মজুর কলকাতায় রিকশা চালায় অথবা যে বাঙালী শ্রমিক বম্বেতে মিলে ঠিকা কাজ করে আমাদের গল্প তার থেকে আলাদা নয়। কেউ কেউ বিক্রি হয়ে চলে আসে। বেশ কিছু বছর মালকিনের দাসী হয়ে শ্রম বিক্রি করে ধীরে ধীরে ব্যবসার ক্ষেত্রে কিছুটা স্বাধীনতা পায়। আবার বেশ কিছু মেয়ে জীবনের নানা অভিজ্ঞতার মধ্য দিয়ে এখানে এসে পৌঁছায়— অনেক সময়ই পুরোপুরি সব না জেনে, পুরোপুরি নিজের ইচ্ছেতে নয়।

কিন্তু একথা বারবার মনে রাখা দরকার যে, সাধারণভাবে মেয়েরা কি পরিবারে কি পরিবারের বাইরে নিজের ইচ্ছেতে চলে না। মেয়েরা কি শুধুমাত্র যৌন ব্যবসায় ঢোকে নিজের ইচ্ছের বিরুদ্ধে? বাবুর বাড়িতে চাকরি করতে যাওয়া, বিয়ে করা, সন্তানধারণ করা— এর কোন ক্ষেত্রেই তো মেয়েদের ইচ্ছা-অনিচ্ছার কোন ভূমিকা নেই। আমাদের সমাজে মেয়েদের বিশেষত গরিব ক্ষমতাহীন পরিবারে মানুষদের ইচ্ছে-অনিচ্ছে নিয়ে কেউ একটা মাথা ঘামায় না। এরও ওপর মেয়েদের জীবন নিয়ন্ত্রিত হয় পুরুষের ইচ্ছা- অনিচ্ছায়।

কিন্তু মেয়েরা তবু কেন এই পেশায় থাকতে বাধ্য হয়? যৌন পেশা এক কঠিন পেশা। দিনে একাধিক পুরুষকে গ্রহণ করার কাজ এক যান্ত্রিক পরিশ্রম। এর খাটুনি লেদ চালানো বা চাষের কাজের চেয়ে কম নয়। কাজেই এর মধ্যে যৌনকর্মীর যৌন তাড়না পরিতৃপ্ত হওয়ার গল্প নিছক গল্পই। এছাড়া থাকে নানান সংক্রমণের সম্ভাবনা, বারবার অবাঞ্ছিত গর্ভমোচনের যন্ত্রণা আর ঝুঁকি। অধিকাংশ পল্লীতেই ভিড় বেশি। মেয়েরা বেশির ভাগই গরিব, পরিবেশ অস্বাস্থ্যকর বাথরুম পায়খানার ব্যবস্থা কম, দালালদের অত্যাচার, পুলিশের জুলুম চলতেই থাকে।

এর সব কিছুর ওপর জড়িয়ে থাকে সামাজিক অবমাননা — নষ্ট হওয়ার ছাপ। স্বীকৃতিহীন শিশুর মা হওয়ার অসুবিধে, বড় হওয়ার পথে তাদের নানা লাঞ্ছনা এবং সেই থেকে মায়ের ওপর তাদের রাগ। মেয়ে সন্তান হলে একটুকু বয়স থেকেই তাকে নিয়ে চিন্তা। যে পরিবারে, বিয়ের কাঠামোয় আমাদের কোন স্বীকৃতি নেই— মেয়েকে সেই নিরাপত্তা যোগাড় করে দেওয়ার প্রাণপণ চেষ্টা, আত্মগ্লানির, শারীরিক মানসিক কষ্টের

এ-এক নির্মম জগৎ। আমরা কি অবাধ যৌনতা চাই? না, আমরা চাই স্বাধীন যৌনতা। 'অবাধ যৌনতা' কথাটার সঙ্গে জড়িয়ে আছে যথেচ্ছাচার, অসংযমের ইঙ্গিত। এই বিষয়গুলো প্রথাগতভাবে আলোচনা করে, অবদমন করে সমস্যার সমাধান আমাদের সমাজে হয়নি, হবেও না। আমরা বিশ্বাস করি রাজনৈতিক স্বাধীনতা, অর্থনৈতিক স্বাধীনতা, বাক্ স্বাধীনতা সব ধরনের স্বাধীনতার পেছনেই থাকে দায়িত্ববোধের প্রশ্ন, অন্যের অধিকার স্বীকার করা, সম্মান জানানোর প্রশ্ন। এই ভিত্তিতে যৌন স্বাধীনতা এলে তাতে অসংযমের প্রশ্ন আর পাঁচটা বিষয়ের মতই সমান গুরুত্ব পাবে— আমরা চাই যৌনতাকে চেপে রেখে রগরগে আলোচনার বাইরে প্রকাশ্য, স্বাভাবিক, সাবলীল বিতর্ক।

যদি প্রশ্ন ওঠে : স্বাধীন যৌনতা কী? আমরা বলব এই মুহূর্তে তার গোটা ছবি আমাদের সামনে নেই। আমরা খেটে খাওয়া মানুষ, ভবিষ্যৎদ্রষ্টা নই। পৃথিবীর ইতিহাসে শ্রমিকরা যখন দাবি দাওয়া নিয়ে লড়েছে, কালো মানুষ যখন সাদাদের বর্ণবৈষম্যের বিরুদ্ধে মাথা তুলে দাঁড়িয়েছে তখন নতুন যে ব্যবস্থা তারা চায়, তার পুরো ধারণা তার কেউই দিতে পারে নি। সেই ছবি আগে থেকে নির্দিষ্ট কোনও ভবিষ্যৎ হয়ে তৈরি হয়ে থাকে না— আন্দোলনের মধ্য দিয়েই তৈরি হয়।

আমরা আজ শুধু এইটুকু বলতে পারি যে, এই যৌনতা নারী পুরুষের সমান অধিকার স্বীকার করবে। এতে সমানভাবে যোগদানের, হ্যাঁ এবং না বলার অধিকার সবার থাকবে। এতে পাপবোধের কোন কারণ এবং অত্যাচারের কোন জায়গা থাকবে না।

আমরা আজ এক আদর্শ সমাজে বাস করি না। সব দিকে আদর্শ কোন সমাজ কোন্ পথে কবে আসবে আমরা জানি না। আমরা আশা করি এমন কোন এক দিন আসবে, যে-দিন যৌন ব্যবসায়ের প্রয়োজন ভেতর থেকেই ঘুচে যাবে। আমরা আজ শুধু এর অসাম্যের দিকগুলো তুলে ধরতে, যথাসাধ্য দূর করতে চেষ্টা চালিয়ে যেতে পারি।

### আমাদের আন্দোলন কোন পথে

আমরা মনে করি আমাদের আন্দোলনের দুটো দিক আছে। একদিকে সমাজের বহু মিথ্যা নীতিবোধ, অসম বিধান, অত্যাচারী দর্শনের বিরুদ্ধে আন্দোলন, যা দীর্ঘ দিন ধরে বহু আলাপ আলোচনা, প্রচার, প্রতিবাদ, মত-বিনিময়ের মধ্যে দিয়ে আমাদের চালিয়ে যেতে হবে।

অন্য দিকে এই মূল্যবোধের আশ্রয় নিয়ে আমাদের ওপর প্রতিদিন যে অত্যাচার চলে তার বিরুদ্ধে আমাদের রুখে দাঁড়াতে হবে। যে-মালকিন ন্যায্য পাওনা দেয় না, যে দালাল ঠকায়, যে মাস্তান গুণ্ডামি, মারধর করে, যে পুলিশ ইচ্ছেমতো আমাদের চুলের মুঠি ধরে জুলুম চালায়— তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। এই কাজ শুরু হয়েছে। আজ বিভিন্ন পল্লীতে আমাদের মেয়েদের সংগঠন মাথা তুলে দাঁড়াচ্ছে।

### পুরুষ যৌনকর্মীরাও আমাদের পাশে

দুর্বার মহিলা সমন্বয় কমিটি মূলত মহিলা যৌনকর্মীদের নিয়েই শুরু হয়েছিল। আজ আমাদের সংগঠনে পুরুষ যৌনকর্মীরাও যোগ দিয়েছেন। এই পুরুষ যৌনকর্মীরা সমকামী পুরুষ খদ্দেরদের যৌন পরিষেবা দেন। যেহেতু সমকাম আমাদের সমাজে আরও অস্বীকৃত, এই শ্রমিকদের অবস্থা অনেক দিক থেকে আরও অনেক সমস্যাসংকুল। আমরা চাই যৌথ আন্দোলনরে মাধ্যমে এঁদের স্বীকৃতির বিষয় সমানভাবে উঠে আসুক। যৌনকর্মীদের আন্দোলন চলছে। এ আন্দোলন থামবে না। আমরা বিশ্বাস করি এই আন্দোলন যে-প্রশ্নগুলো তুলে ধরছে তা মূলত যৌনকর্মীদেরই শুধু নয়, সকলের— যে মানুষ নিজের ভেতরে এবং বাইরে অবদমনকে প্রশ্ন করে, অসাম্য, অন্যায়, অত্যাচারমুক্ত এক পৃথিবী চায় এই আন্দোলন তাদের সবার। যৌনতা আমাদের মনের, শরীরের এক গুরুত্বপূর্ণ অংশ, একে অস্বীকার করা মানে অপূর্ণতাকে মেনে নেওয়া। এবং এই নিয়ন্ত্রণকে কেন্দ্র করে আরও নানা অসাম্যকে টিকিয়ে রাখা। আজকের দিনে দাঁড়িয়ে ইতিহাসবোধ হয় আমাদের একথাই শেখায় যে, পরিবর্তন সহজ নয়। ক্ষমতা- ধ্যানধারণার যে কঠিন কাঠামো কাজ করে, যে-শেকড় আমাদের গভীরে ঢুকে যায় তার সঙ্গে সহজে জেতা যায় না— লড়ে যেতে হয়। এ লড়াই শুধু জীবন ও জীবিকার লড়াই নয়। এ লড়াই নারী-পুরুষের অসাম্যের বিরুদ্ধে পরিবারতন্ত্রের অবিচার ও অমানবিকতার বিরুদ্ধে— এ লড়াই তাই এক সুস্থ স্বাভাবিক জীবন ও পরিবার সৃষ্টির সপক্ষে;ন্যায় তথা সাম্যবাদের সপক্ষে বলিষ্ঠ 'জেহাদ'। এ-লড়াই তাই আমাদের সকলের আর এ-লড়াই আমাদের জিততেই হবে।

## সম্পাদিকার প্রতিবেদন

এই রাজ্য এবং জাতীয় ও আন্তজার্তিক স্তরের যে-সব প্রতিনিধিরা আমাদের আবেদনে সাড়া দিয়েছেন, তাঁদের সবাইকে 'দুর্বার মহিলা সমন্বয় কমিটি' স্বাগত জানাচ্ছে। ১৯৯৬-র এপ্রিলে আমরা রাজ্য সম্মিলনের আয়োজন করেছিলাম— পশ্চিমবঙ্গের ৩০টি যৌনপল্লীর প্রায় ১৫০০ যৌনকর্মী-প্রতিনিধি সেই সম্মিলনে যোগ দিয়েছিলেন; এসেছিলেন নেপাল আর বাংলাদেশের প্রতিনিধিরাও। সেই অভিজ্ঞতার দ্বারা অনুপ্রাণিত হয়ে এবং যৌনকর্মীদের জীবনযাপন-প্রণালীর উন্নতির জন্য আমাদের কাজকর্মকে আরও সংগঠিত করার লক্ষ্য নিয়ে আমরা এবার প্রথম জাতীয় সম্মিলনের আয়োজন করেছি। আপনাদের সমর্থন আর সহযোগিতা আমাদের এই প্রয়াসকে প্রাণিত করেছে।

আমাদের কমিটি গঠিত হয়েছিল ১৯৯৫-র জুলাই মাসে, 'মহিলা সমন্বয় কমিটি' নামে; বর্তমানে এর নাম— 'দুর্বার মহিলা সমন্বয় কমিটি'। এই কমিটিতে আছেন প্রায় ৩০,০০০ নারী-পুরুষ যৌনকর্মী— তাঁরা এই রাজ্যের বিভিন্ন যৌনপল্লীর প্রতিনিধিত্ব করছেন। বর্তমানে সারা রাজ্য জুড়ে কমিটির প্রায় ৪০টি শাখা আছে। বিভিন্ন এলাকার কর্মীদের মধ্যে আমরা সংযোগরচনার চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমাদের লক্ষ্য হলো— আমাদের অভিজ্ঞতার ভিত্তিতে আমাদের দৈনন্দিন জীবনের সমস্যাগুলির সমাধান করা, আমাদের আইনী অধিকারগুলিকে রক্ষা করা এবং আমাদের ওপর যে সামাজিক অবিচার চলে, তার বিরোধিতা করা। আমাদের পেশা-সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে এই সম্মিলনে আলোচনা হবে, দাবি পেশ করা হবে; এছাড়া আমাদের পরস্পরের মধ্যে অভিজ্ঞতা বিনিময় এবং আগামী সংগ্রামের কর্মসূচি নিয়ে আলোচনার সুযোগও এখানে পাওয়া যাবে।

আমাদের সদস্যদের সক্রিয় সহযোগিতায়, যৌনকর্মীদের জীবনের সার্বিক উন্নয়নের লক্ষ্যে আমরা এইসব কাজ হাতে নিয়েছি :

১. যৌনকর্মীদের জীবন ও জীবিকার নিরাপত্তারক্ষার ব্যবস্থা—

  ক. টালিগঞ্জে পুনর্বাসন ছাড়া যৌনকর্মীদের উচ্ছেদের দাবির বিরুদ্ধে আমাদের কমিটি গণ সমাবেশের উদ্যোগ নিয়েছিল।

  খ. খিদিরপুরে স্থানীয় গুণ্ডাদের দ্বারা কয়েকজন যৌনকর্মীদের নির্যাতনের বিরুদ্ধে আমরা মিছিল করেছি। এর ফলে অপরাধীরা তাদের দোষ স্বীকার করতে বাধ্য হয়েছে।

(গ) মধ্য কলকাতায় একটি বেসরকারী সংস্থা (এন.জি.ও)-অনুমোদিত এড্‌স ভ্যাকসিন নিয়ে যৌনকর্মীদের ওপর পরীক্ষা চালানোর চেষ্টা করেছিল— রাজ্য সরকারের কাছ থেকে কোন অনুমতিও তারা নেয় নি। এটা তারা করতে পেরেছিল, কারণ তারা ধরেই নিয়েছিল, যৌনকর্মীরা প্রতিবাদ করতে সাহস করবে না। আমরা কিন্তু প্রতিবাদ করেছি।

ঘ. টালিগঞ্জে পুজোর চাঁদা নিয়ে যখন যৌনকর্মীদের হয়রানি করা হচ্ছিল, আমরা তার প্রতিবাদ করেছিলাম। চাঁদা আদায়কারীরা অনেক হুমকি দিয়েছিল;কিন্তু কমিটির হস্তক্ষেপের ফলে পরিস্থিতি শেষ পর্যন্ত নিয়ন্ত্রণে আনা সম্ভব হয়।

ঙ. পুলিস যখনই কোন যৌনপল্লীতে ধরপাকড় বা তল্লাশি চালায়, আমরা তার প্রতিবাদ করি। উত্তর ২৪ পরগণার বারাসাতের কাছে বামনগাছিতে একটি সরকারী হোমে যৌনকর্মীদের শিশুদের নিষ্ঠুরভাবে মারধর করা হয়েছিল। আমরা তার প্রতিবাদ করে সমাজ কল্যাণ বিভাগের কাছে দাবি জানিয়েছি যাতে যৌনকর্মীদের শিশুদের জন্য যথাযথ ব্যবস্থা নেওয়া হয়।

২. যৌনকর্মীদের এবং তাঁদের পরিবারের সদস্যদের জীবনযাত্রার মনোন্নয়নের জন্য আমাদের কর্মসূচি ঃ

ক. ৭ সেপ্টেম্বর ১৯৯৫ রামবাগানে একটি কাউন্সেলিং সেন্টার খোলা হয়েছে। এর কাজ হলো সোনাগাছি রামবাগান এলাকার কর্মীদের প্রয়োজনীয় পরামর্শ দিয়ে সাহায্য করা।

খ. ১৬ মে, ১৯৯৭ হাওড়ার ডোমজুড়ে যৌনকর্মীদের জন্য একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হয়। উদ্বোধন করেন রাজ্য সরকারের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী শ্রীপার্থ দে।

গ. প্রতি বছর আমরা যৌনকর্মীদের শিশুদের জন্য অঙ্কন প্রতিযোগিতা এবং ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করি বিভিন্ন বেসরকারী সংস্থা আমাদের সাহায্য করেন।

ঘ. গত বছর আমরা যৌনকর্মীদের প্রায় ১০০ জন শিশুকে (৬ থেকে ১০ বছর বয়সী) সরকারী বোর্ডিং-এ পাঠাতে পেরেছিলাম। সেখানে তারা এখন সুস্থ পরিবেশে বড় হওয়ার এবং লেখাপড়া শেখার সুযোগ পাচ্ছে।

ঙ. ১ ডিসেম্বর, ১৯৯৬— বিশ্ব এড্‌স দিবসে — আমরা এইচ. আই. ভি-আক্রান্ত ব্যক্তিদের সাহায্য এবং পরামর্শ দেবার উদ্দেশ্য 'পজিটিভ হটলাইন' নামে একটি যোগাযোগ ব্যবস্থা চালু করেছি।

**অন্যান্য কর্মসূচি**

ক. রাজ্য সরকারের যৌনস্বাস্থ্য প্রকল্পের সঞ্চালক সমিতির সদস্য হবার মর্যাদা আমরা লাভ করেছি।

খ. এড্‌স-প্রতিরোধের উদ্দেশ্যে গঠিত বেসরকারী সংস্থাগুলির 'এন জিও এড্‌স কোয়ালিশনের' সদস্য হয়েছে আমাদের কমিটি।

গ. প্রতি বছর আমরা কলকাতা বইমেলায় যোগ দিয়ে আমাদের প্রচারপত্র, পুস্তিকা ইত্যাদি বিতরণ করি।

ঘ. প্রতি বছর ১ ডিসেম্বর আমরা মিছিল ও অন্যান্য অনুষ্ঠানের মাধ্যমে 'বিশ্ব এড্‌স দিবস' পালন করি।

ঙ. আমাদের সমবায় 'উষা মালটিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড'— ১৫ এপ্রিল, ১৯৯৭ থেকে যৌনপল্লী অঞ্চলে ঘুরে ঘুরে কনডোম বিক্রির কাজ শুরু করেছে।

চ. ১৯৯৭-র ফেব্রুয়ারিতে বুদ্ধিজীবীদের নিয়ে আমরা একটি আলোচনাচক্রের আয়োজন করেছিলাম। আলোচনার বিষয় ছিল 'যৌনকর্মীদের আত্মনিয়ন্ত্রণের অধিকার'।

ছ. 'যৌন পেশায় নাবালিকাদের প্রবেশ প্রতিরোধ' বিষয়ে আমরা একটি আলোচনসভার আয়োজন করি, কলকাতায়, ৯ মার্চ, '৯৭।

জ. আমরা আমেরিকা যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় অনুষ্ঠিত যৌনপেশা সংক্রান্ত আন্তর্জাতিক সম্মিলনে যোগ দিয়েছি।

ঝ. গোয়ায় শিশু যৌনকর্মীদের ওপর নির্যাতন বিষয়ে জাতীয় সম্মিলনে আমরা প্রতিনিধিত্ব করেছি।

ঞ. আমরা 'বিশ্ব নারী দিবস' পালন করেছি, ৮ মার্চ।

ট. ১৯৯৭-র অক্টোবরে আমরা ম্যানিলায় চতুর্থ আন্তর্জাতিক এডস সম্মিলনে যোগদান করি, ১৯৯৭-র অক্টোবরে।

ঠ. যৌনকর্মীদের এশিয়া প্যাসিফিক নেটওয়ার্কে ভারত সেক্রেটরিয়েট সদস্য দেশ হিসাবে গণ্য হয়েছে।

বর্তমানে সম্মিলনে আমরা এই সব বিষয় নিয়ে আলোচনা এবং কর্মপদ্ধতি স্থির করতে চাই ঃ

সমাজে শ্রমিক হিসাবে যৌনকর্মীদের স্থান।

যৌনকর্মীদের স্বশাসিত বোর্ড (বার কাউন্সিল, মেডিক্যাল কাউন্সিল ইত্যাদির আদলে)। এই বোর্ড যৌনকর্মীদের নিয়েই গঠিত হবে এবং সরকারী ও বেসরকারী সংস্থার প্রতিনিধিত্ব থাকবে।

* * *

গত একবছরে দুর্বার মহিলা সমন্বয় কমিটির যে সমস্ত কাজকর্ম হয়েছে, তার কথা জানাতে চাই—

১। গত ২৯ এবং ৩০ এপ্রিল পশ্চিমবঙ্গ রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হয় কলকাতার ইউনিভার্সিটি ইনস্টিটিউট হল-এ। এই সম্মেলনেরর আলোচ্য বিষয় ছিল 'যৌনকর্মীদের আত্মনিয়ন্ত্রণ অধিকার'।

২। ১৫ ও ১৬ মে '৯৬ সোসিও লিগাল এড রিসার্চ অ্যাণ্ড ট্রেনিং সেন্টার-আয়োজিত কর্মশালা— শিশু বিক্রী এবং তাদের উপর যৌন অত্যাচার-এ অংশগ্রহণ করেন কমিটির সদস্যারা।

৩। ১৯৯৬-এর জুন থেকে ডিসেম্বর অবধি অল ইণ্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যাণ্ড পাবলিক হেল্‌থের এস টি ডি/এইচ আই ভি প্রোগ্রামের কাজ বাড়ানোর জন্য কমিটির প্রতিনিধিরা পশ্চিমবঙ্গের বিভিন্ন নিষিদ্ধ পল্লীতে সার্ভের কাজ করেন।

৪। ২৪ জুলাই '৯৬, দিল্লীতে জাতীয় মহিলা কমিশন আয়োজিত বেশ্যাবৃত্তি নিয়ে কর্মশালায় কমিটির সদস্যারা যোগদান করেন। তাঁরা ভারতবর্ষের উপরাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে যৌনকর্মীদের জীবনের মানোন্নয়ন নিয়ে আলোচনা করেন।

৫। ১৪ আগস্ট '৯৬, কমিটির সদস্যরা উষা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটির বার্ষিক সাধারণ সভার অংশগ্রহণ করেন।

৬। কমিটির একটি দল ১২-২৮ সেপ্টেম্বর '৯৬-তে নেপালের বিভিন্ন সংগঠনের (যারা যৌনরোগ/এডস নিয়ে কাজ করেন) সঙ্গে দেখা করেন।

৭। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তরের সঙ্গে দুর্বার মহিলা সমন্বয় কমিটির প্রতিনিধিরা কলিকাতা পুলিশের প্রশাসনিক বিষয়ে আলোচনা করেন। সেখানে উপস্থিত ছিলেন অল ইণ্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যাণ্ড পাবলিক হেল্‌থের প্রতিনিধিরা এবং বিভিন্ন নিষিদ্ধ পল্লীতে কাজ করছে এমন কিছু বেসরকারী সংস্থার প্রতিনিধিরা।

৮। ১৯৯৬ সালের দুর্গাপুজায় কলেজ স্কোয়ারের পূজা মণ্ডপে কমিটির মেয়েরা, তাদের মুখপত্র, সম্মিলনের সুভেনির, এস টি ডি/এইচ আই ভি ইন্টারভেনশন প্রোগ্রামের তথ্যপত্র ইত্যাদি বিলি এবং বিক্রি করেন।

৯। 'ভয়েস অব চিল্ড্রেন— ইণ্ডিয়া ক্যাম্পেনের' ভারতের পূর্ব এলাকার দায়িত্ব প্রাপ্ত হন কমিটির। এই কমিটির তরফে একটি শিশু নিউ ইয়র্কের 'শিশুদের অধিকার'—কর্মশালায় অংশগ্রহণ করে ৬-১৩ নভেম্বর '৯৬।

১০। ২৫-২৭ নভেম্বর '৯৬ গ্রেট ইস্টার্ন হোটেলে শিশুদের উপর যৌন অত্যাচার সম্বন্ধে আলোচনায় যোগদান করেন কমিটির মেয়েরা।

১১। কমিটি ২৭ নভেম্বর '৯৬ 'পজিটিভ হটলাইন' উদ্বোধন করে। ৫৩৩-৩০০৩-তে যোগাযোগ করলে এইচ আই ভি পজিটিভ রুগী এবং তার পরিবারকে আইনি, সামাজিক ও চিকিৎসার সাহায্য দিচ্ছেন।

১২। ২৪ ডিসেম্বর '৯৬ কলকাতার প্রথম কনডোম বিক্রির মেশিনটি বসানো হ'ল সোনাগাছি এলাকায়। ফ্যামিলি প্ল্যানিং এসোসিয়েশন অফ ইণ্ডিয়া, ডি এম এস সি এবং স্থানীয় স্বপন স্মৃতি সংঘের সহযোগিতায় এই মেশিনটি স্থাপন করেন।

১৩। ২৮-২৯ ডিসেম্বর '৯৬ কলকাতায় সমন্বয় কমিটি যৌন কর্মীদের নিয়ে দুদিনের একটি প্রশিক্ষণ শিবিরের আয়োজন করেন। প্রশিক্ষণের বিষয় ছিল ঃ কীভাবে এড্‌স প্রতিরোধ করা যায়।'

১৪। যৌনকর্মীদের অধিকার নিয়ে একটি সেমিনারের

আয়োজন করেন সমন্বয় কমিটি। অনুষ্ঠানটি হয় যাদবপুর বিশ্ববিদ্যালয়ে, ১৯৯৬ সালের শেষ দিকে।

১৫। সমন্বয় কমিটির সদস্যরা যুব ভারতী ক্রীড়াঙ্গনে অনুষ্ঠিত একটি প্রশিক্ষণ শিবিরে যোগ দিয়েছিলেন। অগ্রণী কর্মীদের প্রোজেক্টের পক্ষ থেকে এই শিবিরের আয়োজন করা হয়েছিল ১৯-২১ জানুয়ারী '৯৭।

১৬। কমিটির বর্ধমান জিলা সম্মিলন অনুষ্ঠিত হয় পুরসুরিতে, ২৬ জানুয়ারী ১৯৯৭।

১৭। প্রোজেক্টের সঙ্গে কমিটি-ও কলকাতা বইমেলায় (জানুয়ারী যোগ দিয়েছেন।)

১৮।'পজিটিভ হটলাইনের' একটি প্রশিক্ষণ শিবিরে কমিটি যোগ দিয়েছি ১৭ ফেব্রুয়ারী '৯৭। ২৩ ফেব্রুয়ারি '৯৭ কমিটির উদ্যোগে যৌনকর্মীদের শিশুদের নিয়ে একটি 'বসে আঁকো' প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল।

২০। সমন্বয় কমিটির প্রতিনিধিরা এন জি ও —এডস কোয়ালিশনের সভায় যোগ দেন, ২৪ ফেব্রুয়ারি '৯৭। এই প্রথম কোয়ালিশনের সভায় যোগ দিয়ে কমিটি কোয়ালিশনের সদস্য হিসেবে গণ্য হয়।

২১। কমিটি যৌনকর্মীদের নিয়ে একটি প্রশিক্ষণ শিবিরের আয়োজন করে ২৫-২৭ ফেব্রুয়ারি '৯৭। ভি এইচ এ আই-এর সহযোগিতায় শিবিরটি অনুষ্ঠিত হয়েছিল যুব ভারতী ক্রীড়াঙ্গন।

২২। সোসিও লিগাল এড রিসার্চ অ্যাণ্ড ট্রেনিং সেন্টার আয়োজিত একটি কর্মশিবিরে কমিটি যোগ দেয়, ১-২ মার্চ, '৯৭। শিবিরের আলোচ্য বিষয় ছিল–'মানবিক অধিকার শিক্ষা'।

২৩। ৮ মার্চ, '৯৭, কমিটির বিভিন্ন শাখা 'বিশ্ব নারী দিবস' পালন করে।

২৪। ১৩-১৮ মার্চ '৯৭ আমেরিকা যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় অনুষ্ঠিত 'যৌন পেশা সম্পর্কিত প্রথম আন্তর্জাতিক সম্মিলনে' কমিটি যোগ দেন। সম্মিলনটি আয়োজন করেছিলেন কয়োটে লা, সেন্টার ফর সেক্স রিসার্চ এবং নর্থরিজ ইউনিভার্সিটি।

২৫। ৩১ মার্চ '৯৭ গুড়িয়া নামের একটি সংস্থা দিল্লীতে তাদের তৃতীয় সঙ্গীত এবং নৃত্য প্রতিযোগিতার আয়োজন করেছিল। কমিটি এই প্রতিযোগিতায় যোগ দিয়ে প্রথম পুরস্কার লাভের সম্মান অর্জন করেন।

২৬। ১৬ মে '৯৭ কমিটির প্রথম চিকিৎসালয় উদ্বোধন হয় ডোমজুড়ে।

২৭। ২২ জুন '৯৭ প্রজেক্ট আয়োজিত 'বাবু মিটিং'-এ যোগদান করেন ডি এম সি-র সদস্যরা।

২৮। ৯ জুলাই '৯৭ সমন্বয় কমিটি শিশির মঞ্চে একটি সেমিনারের আয়োজন করেন। বিষয় ছিল 'নাবালিকাদের যৌন পেশায় প্রবেশ বন্ধ করার উপায়।'

২৯। জাতীয় নারী কমিশনের উদ্যোগে গোয়ায় শিশুদের উপর যৌন নির্যাতন বিষয়ে একটি আলোচনাচক্র অনুষ্ঠিত হয় ২৩-২৪ জুলাই '৯৭। কমিটি এই সভায় যোগ দিয়েছিল।

৩০। ২৪-৩১ জুলাই '৯৭ কমিটি এবং প্রজেক্টের একটি যৌথ প্রতিনিধি দল বাংলাদেশের বিভিন্ন প্রকল্পগুলি পরিদর্শন করেন এবং সেখানকার বিভিন্ন সংগঠনগুলির সঙ্গে অভিজ্ঞতা বিনিময় হয়।

৩১। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার যৌনকর্মীদের মধ্যে সংযোগ রচনার কাজে কমিটি উদ্যোগী হয়েছেন। যে সব অঞ্চলের কমিটির শাখা তৈরি হয়েছে তাদের মধ্যে আছে জলপাইগুড়ী, কোচবিহার, আলিপুরদুয়ার, শিলিগুড়ি, শেওড়াফুলি, উলুবেড়িয়া, আন্দুল, নৈহাটি, বরানগর, বজবজ, বারুইপুর ইত্যাদি।

৩২। কমিটির সভা নেত্রী এবং সম্পাদিকা ম্যানিলায় অনুষ্ঠিত 'চতুর্থ আন্তর্জাতিক এডস সম্মিলনে' যোগ দিয়েছিলেন। সম্মিলন অনুষ্ঠিত হয় ২৫-২৯ অক্টোবর '৯৭।

ভবিষ্যৎ আরো সাফল্যমণ্ডিত হবে— এই আশা করে, এবং আপনাদের সাহায্য এবং সহমর্মীতার জন্য আবারো ধন্যবাদ।

১৪.১১.৯৭ সচিব
কলকাতা **দুর্বার মহিলা সমন্বয় কমিটি**

# যৌনকর্মীদের প্রথম জাতীয় সম্মিলন

সংগঠক ঃ দুর্বার মহিলা সমন্বয় কমিটি
স্থান ঃ যুব ভারতী ক্রীড়াঙ্গন
(সল্ট লেক স্টেডিয়াম), কলকাতা
তারিখ ঃ ১৪-১৬ নভেম্বর, ১৯৯৭

অনুষ্ঠানসূচী

**১৪.১১.৯৭ শুক্রবার (প্রথম দিন)**

| | | |
|---|---|---|
| সকাল | ৮ টা | ফুলবাগান থেকে স্টেডিয়াম পদযাত্রা |
| | ৯ টা | পতাকা উত্তোলন, রেজিস্ট্রেশন |
| | ৯.১৫ - ১.০০ টা | উদ্বোধনী অধিবেশন, শোভাযাত্রা, স্মারক পত্রিকা প্রকাশ, বিশিষ্ট অতিথিদের ভাষণ ইত্যাদি। |
| দুপুর | ১ - ২.৩০ টা | মধ্যাহ্নভোজ |
| | ২.৩০ - ৩.১৫ টা | প্রথম অধিবেশন |
| | আলোচনার বিষয় | 'যৌনকর্ম, যৌনতা, যৌন-ব্যবসা, নীতিসর্বস্বতা আর দুমুখোপনা' |
| বিকাল | ৩.১৫ - ৫.৩০ টা | গোলটেবিল আলোচনা (দুটি ভাগে চারটি গ্রুপে একসঙ্গে চলবে) |
| | বিষয় | 'যৌনকর্মীর আত্মনিয়ন্ত্রণের অধিকার আসলে সমতা অর্জনের অধিকার'। 'গতর খাটিয়ে খাই/শ্রমিকের অধিকার চাই।' |
| | ৫.৩০ - ৬.০০ টা | চা পানের বিরতি |
| | ৬.০০ - ৮.০০ টা | সাংস্কৃতিক অনুষ্ঠান (নৃত্যনাট্য (প্রধান মঞ্চে), সংগীত, ধ্রুপদী নৃত্য, ভিডিও প্রদর্শনী ও অন্যান্য |
| | ৮.৩০ - ১০.৩০ টা | নৈশ আহার |

**১৫.১১.৯৭ শনিবার (দ্বিতীয় দিন)**

| | | |
|---|---|---|
| সকাল | ৭.০০ টা | প্রাতঃরাশ |
| | ৮.০০ টা | রেজিস্ট্রেশন (চলবে) |
| | ৮.৩০ - ৯.১৫ টা | দ্বিতীয় অধিবেশন |
| | আলোচনার বিষয় | 'যৌনব্যবসার দুর্বৃত্তায়নই হলো পুরুষতন্ত্রকে ধরে রাখার ছল |
| | ৯.১৫ - ১.০০ টা | চারটি গ্রুপে আলোচনা |
| | বিষয় | 'এডস নিয়ন্ত্রণের প্রধান শর্ত— মানবিক অধিকার রক্ষা' 'এডস লড়াইয়ের হাতিয়ার— যৌনকর্মীদের হাতে ক্ষমতা', 'এডস এবং যৌনরোগের পিছনে লিঙ্গ-বৈষম্যের ভূমিকা' |
| দুপুর | ১.০০ - ২.৩০ টা | মধ্যাহ্নভোজ |

| | | |
|---|---|---|
| | ২.৩০ - ৫.৩০ টা | আলোচনা চলবে |
| বিকাল | ৫.৩০ - ৬.০০ টা | চা-পান |
| | ৬.০০ - ৮.০০ টা | সাংস্কৃতিক অনুষ্ঠান ঃ 'কোমলগান্ধার'-এর নাটক |
| রাত | ৮.৩০ - ১০.৩০ টা | নৈশভোজ |

**১৬.১১.৯৭ রবিবার (তৃতীয় দিন)**

| | | |
|---|---|---|
| সকাল | ৭.০০ টা | প্রাতঃরাশ |
| | ৮.৩০ - ৯.১৫ টা | তৃতীয় অধিবেশন |
| | বিষয় | 'যৌনকর্মীদের স্বশাসিত বোর্ড' |
| | | 'জাতীয় এবং আন্তর্জাতিক স্তরে যৌনকর্মীদের মধ্যে সংযোগস্থাপন |
| দুপুর | ১.৩০ - ৩.০০ টা | মধ্যাহ্নভোজন |
| | ৩.০০ - ৪.৩০ টা | যৌনকর্মীদের মধ্যে পারস্পরিক অভিজ্ঞতা বিনিময় |
| বিকাল | ৪.৩০ - ৫.৩০ টা | সমাপ্তি অনুষ্ঠান |

---

**যৌনকর্মীদের প্রথম জাতীয় সম্মিলন**

আয়োজনায় **দুর্বার মহিলা সমন্বয় কমিটি**

স্থান ঃ যুবভারতী ক্রীড়াঙ্গন, কলকাতা

১৪-১৬ নভেম্বর, ১৯৯৭

উপদেষ্টামণ্ডলী (নীতি-নির্ধারণ)—

যুগ্ম চেয়ারপারসন ঃ শ্রীমতী রমলা চক্রবর্তী
ডাঃ স্মরজিৎ জানা

ডাঃ গৌরীপদ দত্ত
শ্রী তরুণ দত্ত
শ্রী অলোক মুখোপাধ্যায়
ডোরিস ডি' ক্রুজ-গ্রোটে

সচিব ঃ শ্রীমতী মালা সিং

সদস্যবৃন্দ ঃ শ্রীমতী অঞ্জলি গোপালন
শ্রীমতী মধু দেশমুখ
শ্রীমতী গীতা শেঠী
শ্রীমতী সুশীলা কৌশিক
শ্রীমতী অনিতা অগ্নিহোত্রী
শ্রীমতী নন্দিনী বন্দ্যোপাধ্যায়
ডাঃ আই. এস. গিলাডা

উপদেষ্টামণ্ডলী (পরিকল্পনা)—

যুগ্ম চেয়ারপারসন ঃ ডাঃ আরতি বসু (সেনগুপ্ত)
শ্রী মানবেন্দ্র মণ্ডল

সচিব ঃ শ্রীমতী সাধনা মুখোপাধ্যায়

সদস্যবৃন্দ ঃ শ্রীমতী মন্দিরা দে, শ্রীমতী বিদ্যুৎপর্ণা গুপ্তা, শ্রীমতী সরিতা চোপড়া, ডাঃ চঞ্চল সমাদ্দার, শ্রী তুষার ভট্টাচার্য, ডাঃ দেবপ্রিয় মল্লিক, শ্রী অরূপ দে, শ্রীমতী সুজিতা বিশ্বাস, ডাঃ অভিজিৎ মিত্র, ডাঃ সুজিত কুমার দাশ

## দিন বদলের পালা শুরু এবার

আদ্যিকালে যা ছিল, এখনো তাই। সভ্য মানুষের চরিত্র কিছু পাল্টায়নি। মানুষ হয়ে জন্মালেও ভদ্রলোকেরা আমাদের মানুষ বলে গণ্য করে না। সমাজে বাস করেও সমাজের বাইরে থাকি। আমরা পরিচিত শুধুমাত্র পেশার সুবাদে— যে পেশা চলে আসছে যুগ যুগ ধরে। এই সমাজ, এই সমাজের সভ্য মানুষেরাই তা বহাল রেখেছেন নিজেদের তাগিদে। অথচ এ-পেশার না আছে সামাজিক মর্যাদা, না আইনের স্বীকৃতি। কেন এমনটা হলো তার উত্তরটা খুবই সরল। পুরুষ মানুষের নষ্টামি আড়াল করতে চাই হরেক ব্যবস্থা। নষ্ট মেয়ের স্ট্যাম্প মারা হয় অভাগীর কপালে। বাইরে ঝুলিয়ে দেওয়া হয় নিষিদ্ধ পল্লীর সাইনবোর্ড, কেউ যাতে এ ব্যাপারে আর প্রশ্ন করতে না পারে। ভরদুপুরেও লুটপাটের দেদার ব্যবস্থা। পাড়ার মস্তান থেকে থানার হদ্দমুদ্দ বাবুরা, সবাই টহল দিয়ে বেড়ান, এইসব মেয়েদের রোজগারের পয়সায় সবার হক রয়েছে কিনা। তবে আঁচল কাটার দরকার পড়ে না, শুধু চোখ রাঙালেই হলো, কারণ তারা পতিতা। মাঝরাতে কড়া নেড়ে ডাকাতি করা আইনসিদ্ধ এখানে, কারণ সেটা বারবনিতার ঘর। যাকে মানুষ হিসেবে মেনে নিতেই এত অনীহা, তাকে দেশের একজন নাগরিক হিসেবে মানা যায় কী করে? তাই সমাজের সাধারণ আইন-কানুন, ব্যক্তি মানুষের অধিকার-অনধিকারের বিষয় বেশ্যার বেলায় খাটে না।

### ভাবের ঘরে চুরি

অনেক নীতিকথা শুনে আসছি সেই ছোটবেলা থেকে। কিন্তু নীতিমালায় পেট ভরে না। পেট না ভরলে খিদে পায়। খিদে পেলে বাচ্চা কাঁদে। বাচ্চা কাঁদলে মায়ের কষ্ট হয়। মজা মারতে কেউ লাইনে নামে না। আমরা জানি লাইনের কী রূপ। কিন্তু অত উঁচু আসন থেকে কি সে লাইন চোখে পড়ে? চোখে পড়ে মেয়েদের মুখ? দরদী মানুষেরা করুণার ছাতা খুলে হাজির হন— পতিতা উদ্ধারের পুণ্যকাজে নিমজ্জিত প্রাণ। নৈতিকতার নামাবলি জড়িয়ে শান্তির জল ছড়ান তারা। ব্যাপারটা মোটামুটি এই— আমরা সব পাপীতাপী মানুষ, উদ্ধার পেয়ে চিরকাল যেন দাসানুদাস হয়ে থাকি। হয় এভাবে নয়, সেভাবে আমাদের মাথায় ঢুকিয়ে দেওয়া হয় আমরা নষ্ট, পতিতা— ভিক্ষা আর করুণার পাত্র। ঠিক কত পতিতা উদ্ধার হয়েছে এ দেশে সে-হিসেব নেই। তবে আমরা যারা এই লাইনে দাঁড়িয়ে রয়েছি এবং যে লম্বা লাইনের শেষবিন্দু চোখের নাগালেও আসবে না, সেখানে বিদ্বজ্জনেরা হাজির হতে রাজি নন। আমাদের লাইনের গলিঘুঁজি, আমাদের এই পেশা আর বাঁচার রাস্তাটুকু একটু ভদ্রস্থ করতে, কাজের পরিবেশকে পাল্টে দিতে কেউ এগিয়ে আসে না। পেশার স্বীকৃতি? ওরে বাব্বা, তাহলে দেশ নাকি রসাতলে যাবে। আসলে, বেশ্যারা মাথা তুলে কথা বলবে— সেকি কেউ প্রাণে ধরে সইতে পারে!

**"কী আমাদের জাত, আর ধর্মই বা কী"**

এটা আমরা সার বুঝেছি, আমরা চাই বা না চাই, আমরা পরিচিত হয়েছি এবং হচ্ছি ওই একটি নামেই। এমনকি এ-পেশা ছেড়ে, এ-জায়গা ছেড়ে অন্য কোথাও গেলেও বেশ্যার পরিচিতি এবং তার সঙ্গে জুড়ে থাকা ঘৃণা, অবজ্ঞা আর অপমান আমাদের পিছু ধাওয়া করে— ধাওয়া করে আমাদের সন্তান-সন্ততিদের পেছনেও। তাদের চিহ্নিত করা হয় বেজন্মা হিসেবে। তাই পেশাই আমাদের জাত-ধর্ম, জীবন-মরণ— সবকিছু। এমন কি, এই পেশাই পরবর্তী প্রজন্মের জাতধর্ম ঠিক করে দেয়। বেজন্মার তকমা নিয়ে তৈরি থাকে সমাজ— যখন মায়ের পেটে শিশু সোনালী পৃথিবীর স্বপ্ন দেখতে বিভোর। জাতপাতের কোন বেড়া নেই আমাদের এই সমাজে। আমাদের সবকিছু একাকার হয়ে যায় যখন ওই পেশার প্রসঙ্গ চলে আসে।

**ঘরের ভেতর ঘর**

সেই কবে কতদিন আগে আমরা ঘর ছেড়েছিলাম— সবার কি আর মনে আছে? কত দূর দূর গ্রাম থেকে আমরা সব ছিটকে এসে হাজির হলাম এই শহরে। জায়গা হলো শহরের এক কোণে— নাম তার 'রেড-লাইট এরিয়া'। প্রথম আমরা কেউ কাউকে চিনতাম না। সবাই এক একটা খুপরিতে বন্দী ছিলাম। আজও আছি। সবাই সবাইকে যে খুব একটা চিনি, এমনটা নয়। আমরা এক ঘরে এক পেশাতে থেকেও একে অপরের থেকে যেন আলাদা থাকি। নিজের সুখ-দুঃখের কথা খোলা আকাশের নিচে দাঁড়িয়ে বলতে সাহস করি না। এখানে আকাশও খোলা নয়, বাতাসও খোলা নয়। এই বদ্ধ আবহাওয়ায় থাকতে থাকতে আমরা কুঁকড়ে যাই— আমাদের চারপাশে দেওয়াল আর দেওয়াল। আমরা শুধু সমাজ থেকেই বিচ্ছিন্ন নই, আমরা বিচ্ছিন্ন একে অপরের থেকেও। যৌনব্যবসার নিয়মনীতি এমন ছকে বাঁধা যাতে আমরা একে অপরের সাথে মিশতে না পারি। চোখে ঠুলি পরিয়ে যাঁতাকলে জুতে রাখার এটাই সহজ কায়দা। কারণ আমরা কাছাকাছি এসে গেলে বিপদে পড়বেন তারা, যারা আমাদের মাথায় কাঁঠাল ভেঙে নিজেদের সম্পদ বাড়ান।

**"পাশাপাশি ঘেঁষাঘেঁষি একই লাইনে"**

সেইতো প্রতিদিন সন্ধ্যায় আমরা রাস্তায় এসে দাঁড়াই কাছাকাছি ঘেঁষাঘেঁষি করে। এত কাছে থেকেও কেন আমরা সবাই মিলে চেষ্টা করছি না, চেষ্টা করছি না আমাদের সবার বুকের উপর চেপে থাকা পাথরটা সরিয়ে দিতে? যে পেশায় আমরা সবাই রয়েছি— পারি না সে-পেশার রীতিনীতি পাল্টে দিতে? এ-ব্যবসার আইন-কানুন পাল্টাতে না পারলে বদ্ধ ঘুপচি থেকে খোলা বারান্দায় বেরুতে পারব না আমরা। পুরোনো আমলের দাস-ব্যবসার সাথে এ কালের নারী-ব্যবসার খুব একটা অমিল নেই। তফাৎ একটাই— সে যুগের ক্রীতদাসের মাথায় নষ্ট-চরিত্রের মুকুট ছিল না, আমাদের সেটা আছে। তাই লড়াইটা আরো জটিল।

**আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য**

এ সব কথা মাথায় রেখেই ১৯৯৫ সালে আমরা কলকাতা ও হাওড়ার কিছু যৌনকর্মী মিলে তৈরি করেছি 'দুর্বার মহিলা সমন্বয় কমিটি'। আজ পুরুষ যৌনকর্মীরাও এই সংগঠনের সদস্য। আমাদের এই সংগঠনে আজ যে-কোন ধরনের (জাত, ধর্ম, লিঙ্গ নিরপেক্ষভাবে) যৌনকর্মী অংশগ্রহণ করতে পারেন। পেশাগত সংহতি আজ আমাদের এক জায়গায় টেনে এনেছে এবং আমরা মনে করি সমস্ত যৌনকর্মীরা আজ কাঁধে কাঁধ মিলিয়ে পেশার চৌহদ্দিতে লড়াই গড়ে তুলতে পারেন। কারণ আমাদের এই লড়াই জীবন ও জীবিকার লড়াই। পেশা ও পেশাগত সমস্যাগুলোর আশু ও দীর্ঘস্থায়ী সমাধানের রাস্তা খুঁজে বার করা এবং সেই অনুযায়ী কর্মপন্থা নির্ধারণ করা হবে আমাদের অন্যতম উদ্দেশ্য। পেশার কারণে আমরা এবং আমাদের পরিবারের মানুষজনেরা যে সামাজিক নিপীড়ন ও অবিচারের শিকার হই, আমরা এই কমিটির তরফ থেকে সে ব্যাপারে প্রতিরোধ গড়ে তুলতে সব ধরনের প্রচেষ্টায় ব্রতী হবো।

পেশাজনিত স্বাস্থ্য ও রোগের সমস্যাকে এই কমিটির তরফে একটি অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে নেওয়া হবে।

আমরা পেশার সর্বাঙ্গীন স্বীকৃতির দাবিতে সমাজের প্রতিটি জায়গায় প্রচার ও আনুষঙ্গিক কাজকর্মে সামিল হবো। আমরা চাই সমাজের আর পাঁচটা মানুষের মতো, এই দেশের অন্য নাগরিকদের মতো বেঁচে থাকার অধিকার। চাই এই জীবন ও জীবিকার নিরাপত্তা।

**আশু কর্মসূচী**

১. সমস্ত ধরনের যৌনকর্মী এবং তাদের পেশাগত সমস্যার বিভিন্ন দিকগুলো বৃহত্তম জনসাধারণের কাছে তুলে ধরার জন্য ব্যাপক কর্মসূচী নেওয়া হবে।

২. বিভিন্ন আলোচনা-সভা ও ফোরামে উপস্থিত থেকে যৌনকর্মীর জীবন ও জীবিকা সম্পর্কে সঠিক বক্তব্য তুলে ধরা হবে।

৩. এই পেশা-সংক্রান্ত বর্তমান আইনগুলির অবসান ঘটানো এবং যৌনকর্মী-পরিচালিত বোর্ড-এর দাবিতে রাজ্য ও দেশ জুড়ে আন্দোলন গড়ে তোলা হবে।

৪. এই পেশায় নিযুক্ত সমস্ত মহিলা ও পুরুষদের জন্য উপযুক্ত স্বাস্থ্য ও চিকিৎসার ব্যবস্থা গড়ে তোলার প্রয়াস নেওয়া হবে।

৫. যৌনকর্মীর সন্তান-সন্ততির শিক্ষা ও চাকুরির ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থার আন্দোলন গড়ে তোলা হবে।

৬. পেশায় নিযুক্ত মহিলা এবং পুরুষদের আইনী সাহায্যের ব্যবস্থা করা হবে।

৭. বার্ধক্য এবং অন্যান্য কারণে উপার্জনে অক্ষম যৌনকর্মীদের জন্য বিকল্প কাজের প্রয়াস নেওয়া হবে।

৮. সঠিক পুনর্বাসনের ব্যবস্থা ছাড়া যৌনকর্মীদের উচ্ছেদের চেষ্টা প্রতিরোধ করার সবরকম প্রচেষ্টা নেওয়া হবে।

৯. যৌনকর্মী বা তাদের সন্তান-সন্ততিদের সামাজিক নিরাপত্তা বিঘ্নিত হলে তার বিরুদ্ধতা করা হবে।

১০. পেশায় নিযুক্ত সকলের জন্য বয়স্ক শিক্ষা এবং অন্যান্য কর্মশিক্ষার প্রচেষ্টা নেওয়া হবে।

১১. যৌনকর্মীদের ছোট ছেলেমেয়েদের জন্য ক্রেশ ও রাত্রি-আবাসের ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া হবে।

দলমত নির্বিশেষে সমস্ত সংগঠন ও উৎসাহী ব্যক্তির সঙ্গে সক্রিয় যোগাযোগ গড়ে তোলার আন্তরিক প্রয়াসে আমাদের বক্তব্য আপনাদের কাছে তুলে ধরলাম, আশা রাখি— আমাদের লক্ষ্য, উদ্দেশ্য এবং ঘোষিত কর্মসূচীর প্রতি আপনাদের সমর্থন ও সহমর্মিতা আমরা পাবো।

সচিব
দুর্বার মহিলা সমন্বয় কমিটি

১৫ অগাস্ট, ১৯৯৭
৮/২ ভবানী দত্ত লেন
কলকাতা ৭০০ ০৭৩
দূরভাষ : ২৪১ ৬২০০/৬২৮৩

**গতর খাটিয়ে খাই**
**শ্রমিকের অধিকার চাই**

FIRST NATIONAL CONFERENCE OF SEX WORKERS • DURBAR MAHILA SAMANWAYA COMMITTEE • CALCUTTA • 1997

# যৌনকর্মীদের আত্মনিয়ন্ত্রণ

যৌন ব্যবসার সূত্রপাত কোথায়, কিভাবে ঘটেছিল তা জানা নেই। তবে যৌনকর্মীদের শ্রমের উপর নির্ভর করে এই যে ব্যবসা — তা ছড়িয়ে রয়েছে সারা পৃথিবী জুড়ে এবং চলে আসছে যুগ যুগ ধরে। দেশ ও কালের ব্যবধানে ব্যবসার নিয়মনীতি পাল্টেছে, ব্যবসা-পরিচালনা পদ্ধতি প্রকরণে পরিবর্তন এসেছে — তবে মূল ব্যাপারে খুব একটা ইতর-বিশেষ ঘটেনি। আজ পৃথিবীর বহুদেশে 'বেশ্যাবৃত্তি' একটি স্বীকৃত পেশা, আবার অন্য দেশে তা নিষিদ্ধ এবং জঘন্য অপরাধ হিসেবে চিহ্নিত হয়। কোথাও আবার সরকারি অবস্থা— এর মাঝামাঝি, অর্থাৎ 'ধরি মাছ না ছুঁই পানি'; যেমন ধরুন আমাদের দেশের কথা — এখানকার আইন অনুযায়ী 'ঘরে ব্যবসা করা যায়, বাইরে নয়'। এ দেশে যৌনপেশাকে নিষিদ্ধ করা হয়নি — আবার পুরোপুরি মেনেও নেওয়া হয়নি। ফলে এ পেশাকে ঘিরে যে-ব্যবসা গড়ে উঠেছে, তাতে রয়েছে 'আলো আঁধারি খেলা' — এবং সে খেলার নিয়মকানুন সাধারণের কাছে খুব একটা স্পষ্ট নয়। এ দেশের যৌন ব্যবসা নিয়ন্ত্রণের জন্য যে আইন — সেই 'পিটা' আইনের উদ্দেশ্য ছিল মেয়েদের এই পেশায় ঢোকা নিয়ন্ত্রণ করা (ভাবটা এরকম যে, ভালবেসে দুমদাম সবাই নেমে পড়েছে এ পেশায় এবং এ কাজে মহানন্দে দিন কাটাচ্ছে তারা)। এ নিয়ে কোনও বিতর্ক নেই যে, এই আইন তৈরির আগে এদেশে যত 'বেশ্যা' ছিল চালু হওয়ার পর থেকে আজ পর্যন্ত এ পেশায় যুতে যাওয়া মেয়েদের সংখ্যা তার চেয়ে কয়েকগুণ বেড়েছে বই কমেনি এবং তা আইন থাকা না থাকা নিরপেক্ষ ভাবেই। আসল কারণে না গিয়ে, এমন ধারা আইন গড়ে এর বেশি কিছু পাওয়া সম্ভব নয়। এ যেন সেই 'গোড়া কেটে আগায় জল ঢালার' কাহিনী। অবশ্য এটা বললে ভুল হবে যে এ আইনের ফলে 'বেশ্যারা' কিছু পায়নি। তারা একটু বেশিই পেয়েছে —'নিয়ন্ত্রণের' নামে তাদের রুজিরুটির ভাগ দেবার অধিকার পেয়েছে — পাড়ার মস্তান থেকে শুরু করে তাবড় তাবড় নামী দামী লোকেদের, আর পুলিশের হাতে এসেছে যখন যা খুশি করবার অধিকার। 'বেশ্যার' কপালে জুটেছে লাথি, ঝাঁটা আর অপমানের বোঝা।

আসলে এ ব্যবসা শুরু হওয়ার দিন থেকে আজ পর্যন্ত শুধু এ দেশ নয়, অন্য দেশেও বহু ব্যক্তি, সমাজসেবী, ধর্মপ্রচারক এবং সর্বোপরি রাষ্ট্রযন্ত্র কখনো ব্যবসা বন্ধ করার নামে, কখনো নিয়ন্ত্রণের নামে (কারণ তারাও মনে মনে স্বীকার করেন যে, এ ব্যবসা বন্ধ করা যাবে না — তাই 'নিয়ন্ত্রণের বুলি' — এই আর কি) নানান আইন ফেঁদেছেন, ধর্মের বুলি আউড়েছেন, নৈতিকতার ধ্বজা উড়িয়েছেন, কখনো বা ঠ্যাঙাড়ে দিয়ে উৎখাত করিয়েছেন এবং বর্তমান যুগে পুলিশ দিয়ে শায়েস্তা করার ঘনঘন ব্যবস্থা নিয়েছেন এবং নিচ্ছেন প্রতিনিয়ত। বলাবাহুল্য তাতে ব্যবসা বন্ধ বা নিয়ন্ত্রিত হয় নি। হওয়ার কথাও নয়। এ সবই যৌন ব্যবসার সঙ্গে নিযুক্ত মালিক, দালাল ও ফড়েদের হাত শক্ত করেছে মাত্র। আর এই প্রতিটি ক্ষেত্রেই চরম লাঞ্ছনা, অবমাননা এবং অত্যাচারের শিকার হতে হয়েছে 'বেশ্যা' নামক নারীকে।

যে-পুরুষতান্ত্রিক সমাজ নারীকে পণ্য হিসেবে চিহ্নিত করে, যে-আর্থ-সামাজিক কারণে নারীকে পেট ভরানোর জন্য, তার শিশুর কান্না থামানোর জন্য দেহ বিক্রি করতে হয় — 'সেই সামাজিক দৃষ্টিভঙ্গী' এবং সেই অবস্থা না পাল্টালে এ পেশা এবং তাকে ঘিরে যে ব্যবসা তা বন্ধ হবে না — যতই অমানবিক বলে চিৎকার করা হোক না কেন। দেশের মুরুব্বি-মাতব্বরেরা জোর-জুলুম করে 'রেডলাইট' উঠিয়ে দিতে পারেন, ভুঁইফোঁড় সমাজসেবীরা 'তিনটে মেয়ের' পুনর্বাসন দিয়ে উদ্ধারকর্তা সেজে ঢক্কানিনাদে দেশ মুখরিত করতে পারেন — কিন্তু তাতে যৌন ব্যবসার মূল চরিত্রে অদল-বদল ঘটে না, বড়জোর ব্যবসার পরিকাঠামোয় কিছু পরিবর্তন আসতে পারে। এতে যৌনকর্মীরা ঘর ছেড়ে ফুটপাথে নামে, নতুন দালালের রোজগারপাতি বাড়ে। পুলিশি নির্যাতন তখন 'আইনসিদ্ধ' হয়ে যায়, মস্তানদের বুকের ছাতি আরো একটু বেশি চওড়া হয় — এইমাত্র। আসলে যৌন ব্যবসা অন্য সব ব্যবসার মতই বাজারী অর্থনীতির 'চাহিদা ও যোগানের' উপর নির্ভর করে বাড়ে বা কমে, সেখানে পুনর্বাসনের প্রক্ষিপ্ত প্রচেষ্টা সাধুবাদ পেতে পারে কিন্তু মূল ব্যবসাকে কোনভাবেই প্রভাবিত করে না।

বর্তমানে যে-ভাবে এ ব্যবসা চলে — তা অমানবিক সন্দেহ নেই। এ ব্যবসার নিয়মনীতি — যার মূল সূত্র হলো 'বেশ্যা'কে যত পার অত্যাচার আর শোষণ কর — তা না পাল্টালে যে এ অব্যবস্থা একইভাবে চলবে তাও সত্যি। একদল বলে থাকেন, এসব করে নাকি 'বেশ্যা'দের মাথায় তোলা হচ্ছে। কেউ কেউ বলে থাকেন, এর মাধ্যমে নাকি যৌনব্যবসাকে উৎসাহ দেওয়ার ফিকির রয়েছে। অতএব এহেন 'অপকর্ম'কে তারা কি করে সমর্থন করেন? অর্থাৎ, যেমন আছ তেমনি পড়ে মার খাও, লাথি খাও, ঝাঁটা খাও, অপমান আর অত্যাচারের বোঝা নিয়ে বেঁচে থাক, অথবা পালিয়ে মর — সেও ভি আচ্ছা। কিন্তু তা বলে যৌন ব্যবসার চৌহদ্দিতে লড়াই গড়ে তুলে বাঁচার পরিবেশটাকে আর একটু ভদ্রস্থ করে তুলবে — সেটি বরদাস্ত করা হবে না। সেটা হলো গিয়ে এই অমানবিক পেশাকে টিকিয়ে রাখার এক অনৈতিক প্রয়াস; মানবিকতার মাপকাঠি কি দিয়ে যে তৈরি — তা তারাই ভাল বোঝাতে পারবেন! সাধারণের কতটা ধারণা রয়েছে জানা নেই, তবে 'রেড লাইট এরিয়া' এই গণতান্ত্রিক দেশের অবিচ্ছেদ্য অংশ হলেও এখানে দেশের আইন-কানুন খুব একটা মান্য করা হয় না। ব্যক্তি স্বাধীনতা, গণতান্ত্রিক মূল্যবোধ ইত্যাদি ব্যাপারগুলো রেডলাইটের সীমানায় এসে থমকে দাঁড়ায়। আগেও ছিল, তবে ইদানিং প্রায়শই 'পতিতাদের' উদ্ধার করার নামে 'বেশ্যা'দের ধরে, বেঁধে, পিটিয়ে লকআপে পোরা হয়। কুকুর বেড়ালের মত চালান করা হয় এখান থেকে ওখানে — শেষ পর্যন্ত কেউ কেউ হাজির হন পুনর্বাসনের ঝুলি নিয়ে। ওঃ, কী মানবদরদী প্রয়াস! আসলে, যৌনকর্মীরা কি মানুষ, যে তার অধিকার-অনধিকারের, মান-অপমানের প্রশ্ন থাকবে। উদ্ধার করা হচ্ছে, পুনর্বাসন দেওয়া হচ্ছে — এই কত না! নারীকে আপন ভাগ্য জয় করার অধিকার বিধাতা কেড়েছিলেন কিনা জানি না। তবে 'বেশ্যা'রা নারী বলে স্বীকৃত হলে, সে অধিকার দিতে — এ যুগের 'বিধাতাদের' যে ঘোরতর আপত্তি হবে তা আমরা বুঝি। 'বেশ্যা'দের আত্মনিয়ন্ত্রণের অধিকার — তাই ছলে বলে কৌশলে নাকচ করা হয়। এই অধিকার আমরা যতদিন না রেড লাইট এরিয়ায় কিংবা আমাদের ব্যবসার চৌহদ্দিতে কায়েম করতে পারছি, ততদিন আমরা পরের করুণা আর ভিক্ষার পাত্র হয়ে থাকব। আর এই সব তথাকথিত 'উদ্ধারকর্তারা' থাকবেন 'বিধাতার' ভূমিকায়। আসল কথা হলো, যৌনকর্মীরা পাশাপাশি দাঁড়ালে, মাথা তুলে কথা বললে — সামনা সামনি বাহবা দিলেও, মনে মনে অনেকেরই তা ভাল লাগে না — তথাকথিত প্রগতিশীল পুরুষ আর মহিলাদেরও। সমস্যা এখানেই। যে অমানবিক পেশা এবং এই ব্যবসার রীতি-নীতি একজন নারী তথা যৌনকর্মীকে অপরের থেকে দূরে সরিয়ে রাখে, এক-এক কুঠুরীতে বন্দী রাখে এক-একজনকে, সে দেওয়াল ভেঙে কিছু করার প্রচেষ্টা তাই সামাজিক রীতি-বিরুদ্ধ কাজ। 'বেশ্যা'দের কষ্টে যাদের চোখে জল আসে, তারাও এটা মনে প্রাণে মেনে নিতে পারেন না। আসলে, গোষ্ঠী-চেতনা সমৃদ্ধ হলে, নানান সামাজিক 'সমস্যা' দেখা দেবে —এ সবার জানা। এই ধরুন, 'রেডলাইটের পয়দাপাতি' — পুলিশ, মস্তান ছাড়াও বকলমে তাদের বন্ধু-বান্ধব তথা সেই শ্রেণীভুক্ত মানুষদেরও ভোগে যায়, ফলে তাদের গায়ে আঁচ পড়তে পারে।

যৌনব্যবসার ইতিহাস, আমাদের অতীত তথা বর্তমানের জায়গা থেকে দাঁড়িয়ে আমাদের তরফে যে প্রস্তাবগুলো রয়েছে তা হলো ঃ

১. অবিলম্বে 'পিটা' আইন বাতিল হোক। যে আইন বকলমে নারী নির্যাতনকে আইনসিদ্ধ করে — তেমন আইনের বিলোপ প্রয়োজন।

২. বর্তমান চিত্রটা আদৌ সুখকর নয় — তা নিয়ে বিতর্ক নেই। কিন্তু যতদিন এ পেশা থাকছে — যৌনকর্মীদের স্বপক্ষে এ ব্যবসার নিয়মনীতি পাল্টানোর লড়াইকে জোরদার করতে হবে। কারণ এ লড়াই বেশ্যার আত্মনিয়ন্ত্রণের লড়াই — আমরা দাস-শ্রমিক প্রথা থেকে মুক্ত শ্রমিকের অবস্থাতে যেতে চাইছি।

৩. আমরা নতুন কোনও আইন চাই না, চাই আমাদের আত্মনিয়ন্ত্রণের অধিকার — পেশার চৌহদ্দিতে এবং পেশার বাইরে। সে দাবিকে 'অনৈতিক' এবং 'অমানবিক' বলে দূরে সরিয়ে রাখা যাবে না।

৪. আত্মনিয়ন্ত্রণের প্রাথমিক পদক্ষেপ হিসেবে আমরা চাইছি — যৌনকর্মী-পরিচালিত একটি স্বশাসিত বোর্ড, যে বোর্ড মেয়েদের পেশায় ঢোকা, যৌন ব্যবসার নিয়মনীতি নিয়ন্ত্রণ করা তথা যৌনকর্মীদের সার্বিক উন্নয়নের বিষয়গুলি পর্যবেক্ষণ ও নিয়ন্ত্রণ করবে।

এ সমস্ত বিষয়ে আপনার মূল্যবান পরামর্শ ও সক্রিয় সহযোগিতা আশা করছি।

২৫ ডিসেম্বর, ১৯৯৬ — সচিব

কলিকাতা ৭০০ ০৭৩ — মহিলা সমন্বয় কমিটি

# ভগবানের চিঠি

সুজিতকুমার দাশ

পরপর দুদিন 'স্বর্গ বন্ধ'।

বিধাতা বাধ্য হয়ে স্পেশাল জেনেরাল মিটিং ডাকলেন। দেবতারা হাজির। বিধাতা বললেন, "এসব হচ্ছেটা কী? তোমাদের তো সবই দিয়েছি। কোন কিছুর অভাব নেই। তাহলে কীসের জন্য এই আন্দোলন?"

সংগ্রাম কমিটির মুখপাত্র অনলদেব উঠে দাঁড়ালো। বলল, "স্যার, আমরা অপ্সরা চাই।"

"অপ্সরা?" বিধাতা অবাক হলেন, "সে আবার কী জিনিস?"

"অপ্সরা অর্থাৎ যৌনকর্মী, এই যাকে বলে গিয়ে বেশ্যা, পতিতা, গণিকা, দেহোপজীবিনী......."।

"অপ্সরা চাই? সে কী কথা?" বিধাতা ভ্রূ কোঁচকালেন, "তোমাদের সবার জন্যই তো পরমাসুন্দরী দেবী তৈরি করে দিয়েছি, তারাও তো অমর। তাহলে আবার অপ্সরার কী দরকার?"

কারো মুখে কথা নেই। সবাই আড়চোখে ইন্দ্রের দিকে তাকাল।

ইন্দ্র অগত্যা উঠে দাঁড়িয়ে বলল, 'স্যার, তাহলে সত্যি কথাটাই বলি। আপনার তো মনে আছে, সেবার আমার গায়ে সহস্র লিঙ্গ গজিয়েছিল। সেগুলো অবশ্য গা থেকে খসে গ্যাছে কিন্তু মনের মধ্যে থেকে গেছে। স্যার, শুধু বৌ দিয়ে আমাদের চলবে না। পুরুষ মাত্রেই জাতলম্পট, মানে আপনাকে বাদ দিয়ে বলছি। আপনি তো জানেন না, স্বর্গে দেবী ধর্ষণ কীরকম বেড়ে চলেছে। পুলিশ দিয়ে সামলাবার চেষ্টা করলাম। কিন্তু দেখি, পুলিশগুলো আরো বেশি লম্পট;তার ওপর আবার ঘুষ খায়। এখন মনে হচ্ছে, অপ্সরা ছাড়া আর কোন উপায় নেই। আপনাকে একটা ব্যবস্থা স্যার, করতেই হবে।'

বিধাতাকে খুবই বিচলিত দেখাল। অনেকক্ষণ চুপ করে ভাবলেন, তারপর বললেন, 'কিন্তু দেবীদের মতামত তো নিতে হবে। ওদের কী মত? একি, মিটিংয়ে দেবীদের কাউকে তো দেখছি না। ওরা নেই কেন? ওদের ডাকো নি?'

'দেবীদের তো ভোট দেওয়ার অধিকার নেই, তাই ওদের ডাকা হয় নি।'

'সে যাই হোক, এ ব্যাপারে দেবীদের মতামত নিতে হবে। ওদের ডাকো, মত জিগেস করি।'

'ওদের আবার মতামত কী?' অনলদেব গলা চড়িয়ে বলল, 'আমরা যা করব, ওরা তাই মেনে নেবে।'

'না না, তা হয় না,' বিধাতা রুষ্ট হলেন, ' তোমাদের লজ্জা করে না ওকথা বলতে? দেবীরাও স্বর্গের বাসিন্দা, ওদের মতামত নেওয়া উচিত।'

এবারে ইন্দ্রও রুখে দাঁড়াল। হাত নেড়ে বলল, 'স্বর্গের সংবিধানে এরকম কোন শর্ত নেই। তাছাড়া লজ্জাশরমের কথা যদি তোলেন তাহলে অনেক কথা এসে পড়ে। রাবণকে দিয়ে যখন স্যার আপনি সীতাহরণ করালেন তখন কি সীতার মতামত নেওয়া হয়েছিল? দ্রৌপদীকে যখন পাঁচ ভাই-এর মধ্যে ভাগ করে দেওয়া হলো তখন দ্রৌপদী কি তার সম্মতি দিয়ে আহ্লাদে নেচে উঠেছিল? স্যার, এসব কেচ্ছা নিয়ে কথা কাটাকাটি করলে কাগজে ছাপিয়ে দিতে পারে। ওসব থাক। আসল কথা হল— স্বর্গে তা আর কলিযুগ আসে নি যে, মেয়েদের মতামত নিয়ে মাথা ঘামাতে হবে।'

বিধাতা একটু চুপসে গেলেন। দীর্ঘনিশ্বাস ছেড়ে বললেন, 'তথাস্তু।' জন্ম নিল উর্বশী, মেনকা, রম্ভা ............।

*   *   *   *   *   *

বাড়ি ফিরে বিধাতার খুব মন খারাপ। খাওয়াদাওয়ার পর গিন্নিকে বললেন, 'আজ আমাকে একদম ডিস্টার্ব করবে না। আমি একটু ঘুমোবো।' বিধাতা কামপোজ খেয়ে শুয়ে পড়লেন।

কামপোজের ডোজটা বোধহয় একটু বেশি হয়ে গিয়েছিল। যখন ঘুম ভাঙলো সেদিন ১৪ই নভেম্বর, ১৯৯৭, সবে ভোর হয়েছে। চোখ পড়ল মর্ত্যের দিকে, পৃথিবীটা ঘুরতে ঘুরতে যেখানে বিধাতার নজর পড়ল, সে-জায়গাটার নাম কলকাতা। এক জায়গার অসংখ্য নারীকণ্ঠের কাকলি বিধাতার কানে এল। চিত্রগুপ্তকে ডাকলেন।

'ওখানে কী হচ্ছে হে?'

'জায়গাটা ইণ্ডিয়া দ্যাট ইজ ভারতের শহর কলকাতা,' চিত্রগুপ্ত আঙুল দিয়ে দেখালেন, 'আজ ওখানে যৌনকর্মীদের সর্বভারতীয় সম্মিলন হবে।'

'সে কি?' বিধাতা চমকে উঠলেন, 'মর্ত্যের জন্য তো কোন অপ্সরা আমি তৈরি করি নি। ওরা এল কোত্থেকে?'

চিত্রগুপ্ত মুচকি হাসলেন, 'স্যার, পুরুষমানুষ পুরুষ-দেবতার চেয়ে অনেক বেশি ফিচেল। ওরা নিজেরাই নিজেদের জন্য যৌনকর্মী তৈরি করে নিয়েছে।'

বিধাতা মুষড়ে পড়লেন, 'তাহলে কলিযুগ সত্যিই জাঁকিয়ে বসেছে।'

'না স্যার, মোটেই তা নয়,' চিত্রগুপ্ত ঘাড় নাড়লেন, 'এটা চলছে সেই আদি কাল থেকে।

'সত্যযুগে মুনি-ঋষিরা যখন সরাসরি আপনার সঙ্গে কথাবার্তা চালাতো তখন এই কথাটা ওরা আপনাকে জানায় নি, লুকিয়ে রেখেছিল। ওদেরও তো যৌনকর্মীর দরকার হতো।'

'কিন্তু মর্ত্যের পুরুষরা মেয়েদের অপ্সরা বানালো কী করে? এখানে দেবীদের তো করতে পারে নি।'

'তাহলে তো অনেক অপ্রিয় কথা বলতে হয় স্যার,' চিত্রগুপ্ত একটু গম্ভীর হলেন ঃ

'দেবীরা বেঁচে গেছে, কারণ তারা আপনার আশ্রয়ে আছে তাই। এখানকার মতো মর্ত্যেও অর্থবল, সম্পদবল, অস্ত্রবল, লোকবল সবই পুরুষ মানুষের হাতে। শাসন ক্ষমতা পুরুষের, আইন বানায় পুরুষ, পুরুষেরই জগত। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মেয়েরা পুরুষের অধীন, খাওয়া-পরাটাও জোটে পুরুষের দয়ায়। মেয়েদের একটা সম্পদ আছে, সেটা তাদের গতর। গতর খাটালে তবে পুরুষ খেতে দেয়। বয়েসকালে গতর দিয়ে পুরুষের যৌনক্ষুধা মেটায়, তাছাড়া গতর খাটিয়ে পুরুষের অন্য সব কাজ করে দেয়, দাসীবৃত্তি করে, বাচ্চা পেটে ধরে, ছেলেমেয়ে মানুষ করে। কিন্তু সমাজে ওদের মানুষের অধিকার নেই। তাই নারী সর্বদাই পুরুষের শিকার। মেয়েদের যৌনকর্মী বানানোর অসংখ্য কায়দা আছে। জোর করে ঘর থেকে তুলে আনে, বিয়ে করার প্রতিশ্রুতি দিয়ে, সুখী জীবনের হাতছানি দিয়ে, চাকরি দেওয়ার লোভ দেখিয়ে, বিপদের সময় উপকারী বন্ধু সেজে, কখনো আনুষ্ঠানিক বিয়ে করে মেয়েদের ফুসলে নিয়ে আসে। পরিবার থেকে পরিত্যক্ত মেয়েরাও শেষমেশ এ 'লাইনে' এসে আশ্রয় নেয়। এরকম কত কায়দাই যে আছে।'

'পরিবার থেকে পরিত্যক্ত হবে কেন?' বিধাতা তর্ক করেন, 'মেয়েরাই তো পরিবারের ভিত, পরিবারের বন্ধন, পরিবারের প্রাণশক্তি।'

'এসব ছেঁদো কথা এখন আর চলে না স্যার,' চিত্রগুপ্তের কণ্ঠে একটু ব্যঙ্গের আভাস, 'মর্ত্যে আপনার প্রিয়পাত্র চ্যালারা যেসব ধর্ম চালু করেছে, মানুষের জন্য যেসব রীতিনীতি, আচার-আচরণ, ন্যায়-অন্যায়, পাপপুণ্য শিখিয়েছে সেগুলো ভুলে গেলেন?' সাধু বা শয়তান যে-কোন পরপুরুষ মেয়েমানুষের উপর যৌন নিগ্রহ করলে মেয়েটাকে 'নষ্ট' বলা হয়। ধর্ষণকারী পবিত্রই থাকে কিন্তু যৌন ব্যবসার খদ্দের, দালাল, অংশীদার,

আড়কাঠি, মালিক পুরুষরা কেউ নষ্ট হয় না। এমন টাইট করে মগজ ধোলাই করা হয়েছে স্যর যে, মেয়েরাও একথা মনেপ্রাণে বিশ্বাস করে। তাই 'নষ্ট' বলে দেগে দিয়ে মেয়েদের সহজেই পরিবার থেকে তাড়িয়ে দেওয়া যায়।'

'আচ্ছা চিত্রগুপ্ত, তুমি ঠিক বলছ— পুরুষ এত ভয়ঙ্কর? মেয়েদের কোন দোষ নেই?'

'অবশ্যই আছে স্যর,' চিত্রগুপ্তের ব্যঙ্গের সুর মেলায় নি, 'কিছু মেয়ে আছে পাজির পাঝাড়া। সংসার চালাবার জন্য যৌনকর্মে গতর ভাড়া খাটিয়ে টুপাইস কামাচ্ছে। এই ধরুন, বুড়ো বাপ-মা, ছোট ছোট ভাইবোন বা ছেলেমেয়ে, পঙ্গু স্বামী— এদের খাওয়াবার জন্য লাইনে আসে। আচ্ছা বলুন তো, তোর এত দরদ উথলে ওঠে কেন? আপনি বাঁচলে বাপের নাম, কিন্তু এই মেয়েগুলো বাপের নামের তোয়াক্কা করে না। যার নিজের পেট চালানোর উপায় নেই তাকে তো স্যর আপনি খাওয়াবেন, কিন্তু সেকথা এই মেয়েগুলোর মাথায় ঢোকানো যায় না। আবার কিছু মেয়ে আছে, যাদের পূজনীয় বাবারাই বাচ্ছা মেয়েদের লাইনে দিয়ে যায় ভাড়া খাটাতে; টাকাটা বাবার খুব দরকার। আরো কিছু মেয়ে আছে যারা আপনার ঐ অপ্সরার মতো; জন্ম থেকেই ওদের যৌনকর্মী হিসেবে কপালে ছাপ মেরে দিয়ে সেভাবেই ওদের লালন করা হয়। এরা তো দোষী বটেই কিন্তু মর্ত্যে আপনার চ্যালারা বলে— অন্য মেয়েরাও দোষী। যাদের জোর করে বা ফুসলে নিয়ে আসা হয় তারা সব গতরসোহাগী, কামলোলুপ— যাকে বলে গিয়ে ঢলানি মেয়ে, আপনার সাহেবরা যাকে nymphomaniac বলে। আসলে এরাই নাকি ছেলেদের মাথা খেয়ে ফুসলে নিয়ে বাড়ি থেকে বেরিয়ে আসে, নানা ঘাট ঘুরে অবশেষে জড়ো হয় সোনাগাছির মতো তীর্থক্ষেত্রে। পুরুষের কোন দোষ নেই।'

'কিন্তু খদ্দের, দালাল, মালিক — এই পুরুষরাও নির্দোষ?'

'স্যর, ওরা এসব কাজ না করলে মেয়েগুলো না খেয়ে মরবে।' চটপট জবাব চিত্রগুপ্তর। 'আচ্ছা, পুরুষকে যদি আটকানো যায়, পুরুষের লাম্পট্যে যদি বাধা দেওয়া হয়, তাহলে? পুরুষকে আটকাতে পারলে খদ্দের থাকবে না, খদ্দের না থাকলে অপ্সরাবৃত্তিও উঠে যাবে।' 'আপনি দেখছি খবরের কাগজও পড়েন না,' চিত্রগুপ্ত বিরক্তি প্রকাশ করলেন, 'তাই এমন ছেলেমানুষি কথা বললেন। মর্ত্যের গত এক বছরের কাগজ পড়ুন। অনাত্মীয় মেয়েদের কথা ছেড়ে দিন, দেখবেন বাবা মেয়েকে, জ্যেঠা ও কাকা ভাইঝিকে, মামা ভাগ্নীকে, আপনার মতো বুড়ো পাঁচবছরের বালিকাকে ধর্ষণ করছে। এইসব নারকীয় ঘটনা শুধু ভারতের মতো দেশে নয়, যেখানে থানা-পুলিশ-বিচারক খুব সজাগ সেই সাহেবদের দেশেও ঘটছে। খোদ আমেরিকাতেই কুমারী বালিকার অবাঞ্ছিত গর্ভধারণ প্রায় ৩০ শতাংশ। পুলিশের কথা তো ইন্দ্রের কাছে শুনেছেন।'

'তুমি বলতে চাও অপ্সরাবৃত্তি বন্ধ করা কিছুতেই সম্ভব নয়?' বিধাতার মরিয়া প্রশ্ন।

"সম্ভব। মর্ত্যে কলিযুগেই তা সম্ভব হয়েছিল। কম্যুনিস্ট রাশিয়া এবং চীনে বেশ্যাবৃত্তি উঠে গিয়েছিল। আপনার কোনো মন্ত্র পড়ে নয়। সমাজে মেয়েরা সমান অধিকার অর্জন করার ফলে। এর পিছনে পুরুষের অবদানও অপরিসীম। অবশ্য সে-পুরুষ এ-পুরুষ নয়। কম্যুনিজম-এর পতন হওয়ার পর বেশ্যাবৃত্তি আবার ফিরে এসেছে।'

'ভারতের পুরুষ আমার কথা শুনবে না?' কাতর প্রশ্ন বিধাতার।

'স্যর, ভারতে আপনার চ্যালারা সব দলবদল করেছে। জানেন তো, দল বদল করলে মোটা টাকা লাভ হয়। আপনার দলে কেউ নেই।'

'কেউ নেই? একজন পুরুষকেও পাওয়া যাবে না?'

'দু'একজন হয়তো আছে,' চিত্রগুপ্ত তাচ্ছিল্যের স্বরে বললেন, 'কিন্তু তাদের ক্ষমতা কতটুকু?'

'তারা কে? কোথায় তারা?' বিধাতা উৎসুক হলেন।

'ওখানেই ঘোরাফেরা করে। সোনাগাছি কালীঘাট এসব জায়গায় আজ প্রায় ৭০ জন কর্মী কাজ করে যাচ্ছেন, কিন্তু এরা তো আর কম্যুনিজম আনতে পারবে না।'—চিত্রগুপ্ত বিধাতাকে নিরাশ করতে চাইলেন।

'তাহলে কোন উপায় নেই বলছ?'

'উপায় অবশ্যই আছে, স্যর। এবং উপায় একটাই। যৌনকর্মীদের নিজেদেরই সংঘবদ্ধ হয়ে লড়াই করতে হবে। আপনি শুনতে চান সেই লড়াই-এর কথা?' চিত্রগুপ্তকে এবার একটু সিরিয়াস দেখাচ্ছে।

'বলো শুনি।'

'বেশ্যাবৃত্তি তুলে দাও— এই শ্লোগান দিয়ে হাজার চ্যাঁচালেও কিছু হবে না। কিছু বড়লোক, অসংখ্য ছোটলোক এবং তারও তলায় কয়েক লক্ষ যৌনকর্মী— এই নিয়ে ভারতের সমাজ। যারা যৌন ব্যবসা চালাচ্ছে তারাই মাঝে মাঝে এই শ্লোগান দেয়, কিন্তু কেউ তুলে দেবে না। অনেকে আবার মনে করে যে, যৌনকর্মীরা আছে বলেই তারা নিশ্চিন্তে সংসারধর্ম পালন করতে পারছে। যৌনকর্মীদের মানুষের মর্যাদা দিয়ে কেউ সমাজে ফিরিয়ে নেবে না, মুখে যতই প্রগতিশীল বুলি আউড়ে দরদ দেখাক। যৌনকর্মীদের আগে নিজেদের জীবিকার বৈধ স্বীকৃতি আদায় করতে হবে, শ্লোগান তুলতে হবে — যৌনকর্মীরা কর্মী, সমাজের অন্যান্য সব কর্মীরা যা অধিকার, যৌনকর্মীদেরও তাই অধিকার। এটা সবাই বোঝে যে, যৌনকর্মীরা নেহাতই গতর খাটিয়ে পেট চালাচ্ছে কিন্তু তা সত্ত্বেও পেশা হিসেবে আইনী স্বীকৃতি দিতে নারাজ। কেন না দিলে তাদের দুনম্বরী মুখোশটা খসে পড়বে এবং যৌনকর্মীর গতর-খাটানো রোজগারের ওপর নেপোগিরি ধাক্কা খাবে। তাই পুলিশের অত্যাচার এবং পুলিশের আশ্রিত গুণ্ডা- মস্তানদের নেপোগিরি বন্ধ করার দাবিও তুলতে হবে। এইসব দাবি আদায় করতে কঠিন সংগ্রামের জন্য যৌনকর্মীদের নানাভাবে সংঘবদ্ধ হতে হবে। ট্রেড ইউনিয়ন গড়তে হবে, মহিলা সমিতি, কো-অপারেটিভ তৈরি করতে হবে, নিজেদের মধ্যে শিক্ষা বিস্তারের উদ্যোগ নিতে হবে, বিভিন্ন সামাজিক সংগঠনের নানা আন্দোলনে অংশ নিতে হবে, নিজেদের বঞ্চিত ছেলেমেয়েদের মানুষ করার তাগিদে কর্মসূচি নিতে হবে। এসব দু'চার দিনের কাজ নয়। আপনি কি জানেন স্যর— কর্তারা বেশ্যাবৃত্তি বন্ধ করার নাম করে PITA আইন জারি করার পর থেকে বেশ্যাবৃত্তি আরো বেড়ে গেছে। অসহায় বালিকাদের এনে লাইনে কারা ঢোকাচ্ছে এবং কীভাবে, তার নাড়ীনক্ষত্র যৌনকর্মীরাই জানে। হাতে ক্ষমতা পেলে একমাত্র যৌনকর্মীরাই এই বালিকা নির্যাতন বন্ধ করতে পারে। তাই শ্লোগান তুলতে হবে— PITA বাতিল করতে হবে এবং যৌনকর্মীদের পেশা নিয়ন্ত্রণ করার জন্য যৌনকর্মীদের দিয়ে গঠিত স্বশাসিত পর্ষদের হাতে ক্ষমতা দিতে হবে, যেমন আছে ডাক্তার উকিলদের জন্য।' দম নেবার জন্য চিত্রগুপ্ত একটু থামলেন।

সেই ফাঁকে বিধাতা তারিফ করে বললেন, 'গুপ্ত সায়েব, তুমি তো দেখছি গভীরভাবে অনেক ভেবেছো এদের নিয়ে। এসব কথা আমার মাথায় আসত না।'

'আমারো মাথায় আসে নি,' চিত্রগুপ্ত লজ্জা পেয়ে চোখ ফেরালেন, 'এসব আমার কথা নয় স্যর। এসব চিন্তাভাবনা করেছে কলকাতার যৌনকর্মীদের সংগঠন 'দুর্বার মহিলা সমন্বয় কমিটি', ওরাই এসব দাবি তুলেছে। আজ ওখানে জাতীয় সম্মিলন হচ্ছে এদেরই উদ্যোগে।'

'আচ্ছা গুপ্ত সায়েব, আমি কি ওদের দাবির প্রতি একটু সমর্থন জানাতে পারি না?'

'নিশ্চয়ই পারেন স্যর, চিত্রগুপ্ত উৎসাহে দাঁড়িয়ে পড়লেন, 'সেই কথাটাই তো বলতে চাইছি। এটা তো আপনার কর্তব্য। সম্মিলন উপলক্ষে ওদের স্মারক পুস্তিকা প্রকাশিকা হচ্ছে, সমন্বয় কমিটির সম্পাদক আপনার কাছ থেকে শুভেচ্ছা-বার্তা চেয়ে পাঠিয়েছে, চিঠিটা ক'দিন আগে পেয়েছি। আপনি এখুনি ই-মেলে বার্তা পাঠিয়ে দিন না।'

'বেশ, তাহলে লেখো।' বিধাতা ডিকটেশন দিতে শুরু করলেন ঃ

প্রিয় সম্পাদিকা

দুর্বার মহিলা সমন্বয় কমিটি, কলিকাতা

ভারতের অপ্সরাদের জাতীয় সম্মিলন উপলক্ষে শুভেচ্ছা-বার্তার অনুরোধের চিঠি পেয়ে আমি খুবই খুশি হয়েছি কিন্তু সেইসঙ্গে আমার দোষ স্বীকার করছি। তোমাদের কথা আমি কিছুই জানতাম না। আমি সবজান্তা— তোমাদের এই ধারণা ভুল। তোমাদের কাহিনী যদি সত্যযুগে জানতে পারতাম, তাহলে তখুনি তার উপযুক্ত প্রতিকার করে দিতাম। তখন আমার অনেক অলৌকিক ক্ষমতা ছিল, যা ইচ্ছা তাই করতে পারতাম। কিন্তু এখন এই কলিযুগে আমার সেই ক্ষমতা আর নেই; বুড়ো অথর্ব হয়ে গেছি। কিন্তু একথা মনে কোরো না, অক্ষম হলেও ন্যায়-অন্যায়, পাপপুণ্য, বিচার-অবিচারের বোধ হারিয়ে ফেলেছি। তাছাড়া ভবিষ্যতদ্রষ্টার ক্ষমতা আমার এখনো আছে। মর্ত্যে এখন পাপী ও শয়তানদের রাজত্ব চলছে, তাদের দোর্দণ্ড প্রতাপ দেখে মনে হতে পারে তাদের হারানো যাবে না। এটা ভুল ধারণা। তোমাদের প্রতিবাদ ও প্রতিরোধের অভাবেই কর্তারা এতদিন তাদের অত্যাচার ও শোষণ অবাধে চালাতে পারছে। তোমরা এখন যে-পথ নিয়েছো, এটাই সঠিক পথ। তোমাদের সব দাবির প্রতি আমার অকুণ্ঠ সমর্থন জানাচ্ছি। যদি সংঘবদ্ধ হয়ে, একনিষ্ঠভাবে, নির্যাতন সহ্য করে সংগ্রাম চালাতে পারো তাহলে নিশ্চয়ই জিতবে; তারপর এক গণতান্ত্রিক সমাজে তোমরা প্রত্যেকে মানুষের অধিকার ও মর্যাদা অর্জন করে আনন্দময় জীবন উপভোগ করতে পারবে। আমার তৃতীয় নয়ন দিয়ে আমি সেই ভবিষ্যতই দেখতে পাচ্ছি।

আশীর্বাদসহ, ইতি

ভগবান

# স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে—

স্মরজিৎ জানা

কোথাও যেন একটা গরমিল রয়েছে। কিসের যেন একটা গরমিল রয়েছে। কিসের যেন একটা অভাব বোধ হচ্ছে। অথচ কী যে সেটা, তাও ঠিক ধরে উঠতে পারছে না গার্গী। কিছু একটা ব্যাপার হয়ত ঘটে গেছে, কিছু মনে হয় পাল্টে গেছে। অথচ রাস্তা, ঘর, দোকানপাট সবতো একই রকম রয়েছে। তবে এমন কেন মনে হচ্ছে তার? আরে! ঐতো, সেই পানের দোকানটা যেখান থেকে রোজ দুপুরে সে দু-খিলি জর্দাপান কিনত, সেটাও ঠিক তেমনিই রয়েছে। তবে? রাস্তায় লোকেদের চালচলন কি কিছু পাল্টেছে? সিধু দালালের কথাগুলো কিছু নতুন শোনাচ্ছিল বটে, তবে কথার থেকে বলার ভাবটাই কেমন একটু বেখাপ্পা লাগছিল। সবুজ জামা পরা মেয়েদের কথা সে তার বাবুর কাছে শুনেছে, তবে তারা যে এমন দেমাকে পথ হাঁটে, তা না দেখলে তার বিশ্বাস হতো না। সত্যি কথা বলতে কি, প্রথম ধাক্কায় সে তাদের দিকে হাঁ করে তাকিয়ে ছিল অনেকক্ষণ। এ-বেলা মনে হচ্ছে বটে পুরোনো মালকিনের কথায় আর সে ঝাঁঝ নেই। তবে কি বাজার পড়ে গেছে? পয়দাপাতি কি ঠিকঠাক আসছে না? অতশত সে ভাবছেই বা কেন? লাইনের মেয়েদের অত ভাবা কি সাজে? সে কি একটু পাল্টে গেছে? নাকি ছবছর পর আবার ফিরে এসেছে বলে তার কাছে সবকিছুই নতুন নতুন ঠেকছে? নতুন বাবুর প্রেম আর ঘর করা শেষ করে, আর পাঁচটা লাইনের মেয়ের মত তাকেও আবার সেই ফিরে আসতে হয়েছে সেই সোনাগাছিতেই। এবারের বাবু একটু বেশি রকমই ভালো ছিল বলতে হবে; আর পাঁচটা মধ্যবিত্ত বাঙালী বাবুর তুলনায় একটু বেশি সাহসীও ছিল। নইলে ছ-ছটা বছর সে কি ঘর করতে পারত। মধ্যবিত্ত বাঙালীর প্রেম! সেতো বদ্ধ জলার মত। সে জলায় কখনো-সখনো নীল মেঘের ছায়া পড়ে, শরতের সকালে বাঁশবনের ছায়া দুলে উঠে থেমে যায়। সন্ধেটা বড়জোর ঝিঁঝির ডাক পর্যন্ত গড়াতে পারে— তখন সে জলায় ছোট্ট একটা ঢিল পড়লেও আতঙ্ক জাগে, জলার ঢেউ ডাঙায় এসে মিলিয়ে যাওয়ার আগেই 'ঘরে' ফিরে আসে গার্গী — তবে সেই পুরোনো সোনাগাছির ঘরে।

এখানে স্বস্তি নেই বটে তবে অন্য একধরনের স্বাধীনতা রয়েছে। যখন যেমন খুশি পথে হাঁটার স্বাধীনতা। এখন যা কিছু পরার ইচ্ছে হয় তাও সে মিটিয়ে নিতে পারে। হাতে পয়সা থাকলে ইচ্ছেমতো খাওয়ার স্বাধীনতাও তার রয়েছে। — সমাজের চোখে যা কিনা অসভ্যতা এবং স্বেচ্ছাচারিতার সামিল। আর পুরুষমানুষের সঙ্গে বসে জমিয়ে আড্ডা মারা— সেতো 'ব্যাভিচারিতা'। অনেকদিন পর সোনাগাছিতে ফিরে এসে সেই সব টুকরো টুকরো স্বাধীনতাগুলো ফিরে পেয়েছে গার্গী। ভুলে থাকতে চেয়েছে ঘর ভাঙার দুঃখ। ঘর বাঁধার স্বপ্ন? যে স্বপ্ন কোন একটা দিনের জন্যও তাকে ছেড়ে থাকে নি, এমনকি যেদিন তার বাবা তার মাকে মারতে মারতে ঘর থেকে বার করে দিয়েছিল সেদিনও। তবু কী অদ্ভুত অভিযোগ! সেদিন অহল্যাদি তাদের মতো মেঝেয় পা ছড়িয়ে বসে তার গল্প শুনতে শুনতে বলেছিল, "সমাজের লোকজনেরা কেমন সব ভয়ে সিটিয়ে রয়েছে। এই সব লাইনের মেয়েরা নাকি ঘর, পরিবার ভেঙে দিচ্ছে। পুরুষমানুষেরা তাদের পাল্লায় পড়ে সব উচ্ছন্নে যাচ্ছে। আমাদের জন্য নাকি সমাজ পরিবার সব কলুষিত হচ্ছে। এখন নাকি নতুন সব রোগ ছড়াচ্ছি আমরা।" গার্গীদের ছোট্ট জানালা গলে অহল্যাদিরা এড্‌স নিবারণ কর্মসূচির কথা বলতে এসে আরো সাত-পাঁচ ঘরের কথায় জড়িয়ে পড়েছিল খুব স্বাভাবিক নিয়মে.অত্যন্ত সাধারণ কারণেই কাজটার ধারা-প্রকৃতি ও পাল্টে যেতে থাকে। রোগের বিরুদ্ধে লড়াই প্রেম-ভালবাসা, যৌনতার বিশাল পরিসরে জীবন আর জীবিকার লড়াইতে সামিল হয়ে এক অন্য মাত্রায় পৌঁছে যায়। সেও কয়েকবছরের পুরোনো গল্প। তখনো গার্গীদের 'পড়ে পাওয়া' স্বাধীনতার চৌহদ্দি সোনাগাছির সীমানা ছাড়িয়ে বেড়ে ওঠেনি। তারপর হঠাৎ রোগ মানুষের, রোগ জীবনের, রোগ জীবিকার আর যে-জীবিকা মানুষের গভীর গোপন অন্তঃপুরের রাগ-অনুরাগ, প্রেম, প্রণয় ঘিরে গড়ে উঠেছে তাকে জানা বোঝা কি এতই সহজ সরল হবে। এর চাবিকাঠি তো নিষিদ্ধপল্লীর দেওয়ালে টাঙানো নেই, রয়েছে সমাজের গভীরে লুকিয়ে রাখা বাঁধানো কংক্রিটের দেওয়াল ঘেরা আলমারিতে, যাকে যক্ষের মত পাহারা দিয়ে বেড়াচ্ছে সমাজপতিরা, মুখোশ পরা জল্লাদেরা এবং তাদের সুদর্শন প্রচারবিদেরা। তারা মুহুর্মুহু ঘোষণা করে যাচ্ছেন নৈতিকতা-অনৈতিকতার সীমানা এবং তা ভাঙ্গার শাস্তি। ছলেবলে কৌশলে গার্গীদের ক্রয়-বিক্রয় মূল্য নির্ধারণ করবেন তারাই— তারাই হলেন ক্ষমতার প্রতিভূ। গার্গীদের কি সে সাহস, যোগ্যতা রয়েছে— সেই দেওয়ালে আঘাত হানার— প্রশ্ন তুললেন অহল্যারা? অথচ সে সক্ষমতা, সে সাহস না থাকলে গার্গীরা কী করে লড়াই করবেন রোগের বিরুদ্ধে? জীবন জীবিকা নিরপেক্ষভাবে রোগের বিরুদ্ধে কি লড়াই করা সম্ভব, .....আমূল পাল্টে গেল কাজের ধারা। শুরু হলো গার্গীর আর এক স্বাধীনতার লড়াই। যে লড়াই নিষিদ্ধপল্লীর চৌহদ্দিতে আটকে থাকে না। ক্রমশ প্রসারিত হতে থাকে গার্গীর বোধ, বুদ্ধি আর চিন্তার পরিসর।

আর সবার মতো সেও একদিন এসে হাজির হলো রাজসভায়— 'ব্রহ্মজ্ঞানীরা' সব বসে রয়েছেন চারপাশ আলো করে। প্রশ্ন তুললেন গার্গী, "কেন আমরা পতিতা"? হাস্যরোল উঠল সভায়, এ কি সব প্রশ্ন! এ কি কোন আলোচনার বিষয় হতে পারে! "আমরা কেন কেনাবেচার সামগ্রী হব?" গম্ভীর হলেন শাস্ত্রকারেরা— "সে সব আমরা দেখব— তোমাদের রক্ষণাবেক্ষণের দায়িত্ব আমাদের; ও নিয়ে চিন্তা কোর না।" "আমরা আমাদের পেশার স্বীকৃতি চাই— কেন তা আমরা পাব না"— দাবি তুললেন গার্গী। "ছিঃ ছিঃ ছিঃ, ও কথা মুখে এনো না। নীতি-দুর্নীতির কোন বালাই নাই।" আবার প্রশ্ন তুললেন গার্গী— "কীভাবে তা নির্ধারণ হয়, আর কারাই বা তা নির্ধারণ করেন?" "....এসব অবান্তর প্রশ্ন। চিরকাল যা ঠিক হয়ে এসেছে, যারা যেভাবে করে এসেছেন, তারাই সব ঠিক করবেন— এ-নিয়ে কোন তর্ক কোর না গার্গী।" ভ্রূকুঞ্চিত হলো 'ব্রহ্মজ্ঞানীদের'। "নারী বিবাহিত পুরুষের, এবং সন্তান......" তাকে মাঝপথে থামিয়ে দিলেন আর এক মহর্ষি— ".....বুঝতে পারছ না গার্গী— এভাবে চললে ক্রমশ তোমরা পুরুষতন্ত্রের শিকার হয়ে উঠবে। যৌনপরিষেবা ক্রয়-বিক্রয়ের সামগ্রী হলে পুরুষেরই তো লাভ।" "তাহলে কি এই ক্রীতদাস-প্রথাই বহাল থাকবে— এটাই আপনার অভিপ্রায়, মুনিবর?" "নাঃ! তুমি দেখছি শিশুর মত প্রশ্ন করছ গার্গী। আমরা অচিরে এ প্রথার অবলুপ্তি ঘোষণা করব এবং অন্যদের পুনর্বাসনের ব্যবস্থা করব।" বিদ্রূপের হাসি হাসলেন গার্গী, "আমরা খেটে খাই—শ্রমিকের অধিকার চাই— এ চাওয়ার দোষ কোথায়?" এবার ক্রুদ্ধ হলেন মুনিবর। "আর তুমি একটিও প্রশ্ন কোর না গার্গী", ধর্মকে উঠলেন মুনি। "এবার তোমার জিভ খসে পড়বে।" রাজসভা স্তব্ধ;কারণ সবাই জানেন এবং বোঝেন এর মধ্যে কোন ব্রহ্মশাপ-টাপের ব্যাপার নেই। এ নেহাতই শক্তির আস্ফালন। প্রয়োজনে এই ব্রহ্মবিদেরা জল্লাদ লেলিয়ে দিতেও পিছপা হবেন না। ভয়ে কাঁপছেন পিছনে দাঁড়িয়ে থাকা অহল্যা। গার্গী কি থেমে যাবে? এর পরও গার্গী আর প্রশ্ন করবে না? অহল্যার জমে থাকা পাষাণ একটু একটু করে গলতে শুরু করেছে রাগে-ক্ষোভে-যন্ত্রণায়। পুরুষ তাকে শুধু প্রতারিতই করে নি, এই পুরুষতন্ত্রের কদর্য 'ন্যায়নীতি' এবং আইনের বিধানে তাকে শাস্তি পেতে হয়েছে যুগযুগান্ত ধরে। তার সমস্ত সত্তাকে দলে মুচড়ে নিথর করে রাখা হয়েছে। উন্মুক্ত প্রান্তরে তাকে পাথরের মতো ছুঁড়ে ফেলেও তারা নিরস্ত হয়নি। জীবনের আঘ্রাণ পেতে তাকে যুগ যুগান্ত অপেক্ষা করতে হয়েছে—বলা হয়েছে, তার সম্ভ্রম আর মানবীর শেষ অহংকারটুকু আর এক পুরুষের পদতলে উজাড় করে দিতে। বুকের ভিতর জমে থাকা পাথরটা বুক ছাড়িয়ে যেন গলার চারপাশে ছড়িয়ে পড়ছে অহল্যার। চারিদিকের বাতায়ন যেন স্তব্ধ হয়ে আসছে, একটু দম নেওয়ার জন্য আকুলিবিকুলি করতে থাকে অহল্যার বুকের ভেতরটা। একটু খোলা আকাশ, একটু খোলা বাতাসে নিশ্বাস, একটু উষ্ণ স্বাধীনতা .....।

দৃপ্ত ভঙ্গীতে আরো একপা এগিয়ে এল গার্গী— এক ঐতিহাসিক উত্তরণের পথ ধরে। ব্রহ্মজ্ঞানীর চোখে আতঙ্কের ছায়া— এবার আর প্রশ্ন নয়, নিজের প্রশ্নের উত্তর দিচ্ছে গার্গী— "যতদিন না আমার শ্রমের উপর আমার অধিকার কায়েম হচ্ছে — ততদিন এ লড়াই আমাদের চলবে, এ-লড়াই জীবনের লড়াই, এ লড়াই সাম্যবাদের লড়াই।" — দূরে কোথাও পাখিরা গান গেয়ে উঠল, উঠে দাঁড়াল অহল্যা গার্গীর হাত ধরে।

---

লেখক এস.টি. ডি / এইচ. আই. ভি. ইণ্টারভেনশান প্রোগ্রামের প্রজেক্ট ডিরেক্টর

# যখন চলতে শুরু করেছিলাম

গৌরীপদ দত্ত

চলতে চলতেই দেখছি
যখন চলতে শুরু করেছিলাম
        তখন সামনেই পাহাড়
অভ্রংলিহ ভ্রূকুটি ভয়াল।
যখন চলতে শুরু করেছিলাম
        তখন মনটাই তোলপাড়

রশিছেঁড়া পালের মতো আশঙ্কায় উত্তাল।
চলতে চলতেই দেখলাম
নিকটে দূরে আরো অনেক পাহাড়
আমার পথ আটকিয়ে মজা দেখছে।

যখন চলতে শুরু করেছিলাম
তখন চারিদিকে উপহাস আর ধিক্কার
যখন চলতে শুরু করলাম
        তখন সামনেই পাহাড়।

চলতে চলতেই দেখলাম
পাহাড়ের পাশ দিয়েই আমি
অনেক পাহাড়ের মাঝ দিয়েই আমি, যাচ্ছি।
যাচ্ছি তো যাচ্ছিই, যাচ্ছি তো যাচ্ছিই।
পাহাড়েরা দাঁড়িয়ে আছে
আমার সামনে, পাশে, পেছনে।

তবুও আমি যাচ্ছি।
সামনেই একটা না একটা পথ, বা
একটাই পথ, অনেক রঙে অনেক ছন্দে
আমাকে নিয়ে যাচ্ছে।
সেই ডাকে আমি চলেছি তো চলেছিই
ধূসর পাহাড়ের ভ্রূকুটি বদলে গেল ঔদাসীন্যে
বিশাল বিটপীর ধিক্কার ঘন হল অভীপ্সায়
আমি চলতেই থাকলাম আর
মনেই রইল না, যখন শুরু করেছিলাম
তখন ছিল সামনেই পাহাড়।

যখন চলতে শুরু করেছিলাম—
        তখন ছিল সামনেই পাহাড়
সে কথা আজ স্মৃতি।
যখন চলা আরম্ভ করেছিলাম
তখনকার ধিক্কার আজ কেবল অনুভূতি।

চলতে চলতেই দেখছি
সেই ভয়াল পাহাড়েরা বন্ধু হয়ে গেছে।
তাদের বুকের ভিতরে যাবার জন্যে
তারাই পথ তৈরি করে দিচ্ছে।
বিশাল বিটপীরা বাহু বাড়িয়ে
স্নেহের ছায়ায় মগ্ন করে দিচ্ছে।
চলতে চলতেই কখন ওদেরই একজন হয়ে গেছি।

---

লেখক পশ্চিমবঙ্গ সরকার-এর সাবজেক্ট কমিটির চেয়ারম্যান,

# আমাদের নতুন নাম দেবেন না, আমাদের কাজের সম্মান দিন

দেবেশ রায়

কিছুদিন আগে আমি মহিলা সমন্বয় কমিটির একটি সম্মিলনে গিয়েছিলাম— কলকাতার শিশির মঞ্চে। সেখানে অনেক মেয়ে, যাঁরা যৌনজীবিনী, তাঁদের সমস্যার কথা বলছিলেন। এই পেশায় সমস্যা তো অনেক থাকতেই পারে। কারণ আমরা আমাদের সামাজিক পরিমণ্ডলের মধ্যেই একটা অসামাজিক প্রয়োজন মেটানোর জন্যে এই পেশাটিকে রক্ষা করে আসছি। মেয়েদের শরীরের যে-অঙ্গ প্রায় সবচেয়ে কোমল ও যে-অঙ্গের প্রতিরক্ষা চিকিৎসাবিজ্ঞানের একটি শাখারই জন্ম দিয়েছে, সেই অঙ্গ যদি দিনে গড়ে সাত-আটবার আহত হয়, এ-কথা আমি জানতে পেরেছি এ বিষয়ে গবেষণা করছেন এখন এক জনের কাছ থেকে, তাহলে শরীরের নিয়মেই তো শরীরের কত সমস্যা দেখা দেবে। সেই সম্মিলনে যাবার আগে আমার একটা আন্দাজ ছিল— মেয়েরা কী ধরনের সমস্যার কথা বলবেন। আর, এ বিষয়ে আমি কাউকেই নতুন কিছু জানাতে পারব না, মেয়েদেরও কিছুই বলতে পারব না , তাই আমি সম্মিলনে যেতে রাজি হয়েছিলাম এই শর্তে যে, আমি কোনো কথা বলব না, মানে, কোনো বক্তৃতা করব না।

কিন্তু মেয়েরা যখন তাঁদের সমস্যার কথা বললেন, তখন আমি একেবারেই বোকা হয়ে যাই। একের পর এক মেয়ে খুব স্পষ্ট ভাষায় মঞ্চে দাঁড়িয়ে দুর্লভ স্পষ্টতায় ও সভ্য আড়স্টতায় তাঁদের কথা বললেন। সেই মেয়েদের মধ্যে অনেকেই তো বাঙালি, কয়েকজন নেপালি, কয়েকজন ভিন্নপ্রদেশবাসিনীও ছিলেন।

এঁরা কেউ কিন্তু এঁদের নিজেদের শরীরের কষ্ট ও অসুখের কথা বললেন না। সে কথাটা যে এড়িয়ে যাচ্ছিলেন, তা একেবারেই নয়। বরং শরীর নিয়ে তাঁরা নীরব স্পষ্টতায় এমন একটা আত্মসম্মান নিয়ে শ্রোতাদের সচেতন করে দিচ্ছিলেন যে, আমি স্পষ্ট বুঝতে পেরেছিলাম— অন্য যে কোনো পেশার মানুষ তাঁদের পেশার সুবিধে-অসুবিধে দিয়ে যেমন সচেতন, এঁরা নিজেদের শরীর নিয়ে ঠিক ততটাই সচেতন। তার বেশিও নয়, তার কমও নয়। পোস্তার কুলিদের পায়ের আঙুল যেমন ছেবড়ে যায় কারণ তাদের শরীরের সহ্য-ক্ষমতার অতিরিক্ত বোঝা বইতে হয়, লোহা-গলানোর কারখানায় যার কাজ করে তাদের হাতপায়ের লোম যেমন পুড়ে যায়, পাটগাছ থেকে সারাদিন রোদের ভিতর জলে দাঁড়িয়ে যারা পাট ছাড়ায় তাদের যেমন দাদ হয়, খোশ হয়, কুষ্ঠ হয়— তেমনি এই মেয়েদেরও পেশার কারণেই কতকগুলি অসুখবিসুখ হয়। সে অসুখের যে চিকিৎসা করা সব সময় সম্ভব হয়, বা, চিকিৎসার জন্যে যে বিশ্রাম দরকার তা এঁরা নিতে পারেন— তাও নয়। কিন্তু সে-সব তো আছেই। থাকবেও। পেশার জন্যে শরীরের ঝামেলা এ নিয়ে তাঁরা কেউ কিছু বললেনই না। বরং আমার যেন মনে হল, এই পেশা নিয়ে কোনো লজ্জা বা সঙ্কোচ বা দ্বিধা কিছুই তাঁদের ছিল না।

তাঁরা প্রত্যেকেই যে-কটি কথার ওপর জোর দিলেন, বা, 'যে কথাগুলি সম্পর্কে সবাইকে জানাতে চাইলেন সেই কথাগুলিকে তাঁদের প্রয়োজনের দিক থেকে সাজালে এরকম দাঁড়ায়।

১। তাঁরা তাঁদের ছেলেমেয়েদের শরীর ভাল রাখতে চান ও তাদের লেখাপড়া শেখাতে চান, যাতে মেয়েদের বাধ্য হয়ে এই পেশায় না আসতে হয়। একজন যৌনজীবিনী যে খুপরিতে থাকেন ও তাঁর খদ্দেরকে যে খুপরিতে বসাতে হয়, তাতে, তাঁর ছেলেমেয়েরা পড়াশুনো করবে কী করে? তখন তাদের চাতালে, ছাতে, রাস্তায় ঘুরে বেড়াতে হয়। তারা তো খুব কম বয়সেই জেনে যায়, তাদের মায়েদের পেশা কী? সেই নিয়েও এই মেয়েদের খুব একটা লজ্জা বা সঙ্কোচ নেই। কিন্তু সেদিন তাঁরা প্রায় প্রত্যেকে বলছিলেন— তাঁদের ছেলেমেয়েদের পড়াশুনোর ব্যবস্থাটাই বেশি দরকার আর তাঁদের কাজের সময় ছেলেমেয়েরা যাতে অন্য কোথাও কাটাতে পারে। মেয়েদের নিয়েই তাদের ভয় বেশি— মেয়েকে কী করে লাইন থেকে বাঁচাবেন।

২। একটি মেয়ে খুব সহজে বলেছিলেন, 'আমরা তো একটা কাজ করি। অন্য সকলেও কাজ করে। আমাদের কাজ লোককে আনন্দ দেয়। এর মধ্যে তো কোনো দোষ নেই। তাহলে আমাদের এই সব পাড়ায় থাকতে হবে কেন? আমরা শহরের যে কোনো জায়গায় বাসা ভাড়া করে থাকতে পারব না কেন? আর সবাইও যেমন কাজে যান, আমরাও তেমনি কাজে যাব। কাজ থেকে ফিরে বাড়িতে আসব। আমাদের ছেলেমেয়েরা বাড়িতে থাকবে।' তিনিই, বা আর-কেউ একটু বলেছিলেন, 'কেউই তাঁদের কাজের জায়গায় গোলমাল পছন্দ করেন না। আমাদের কাজের জায়গায় পুলিশ-মস্তান-দাদা এদের গোলমাল করতে দেওয়া চলবে না।'

এই দুটি কথার মধ্যে মিল আছে। তাঁরা তাঁদের পেশার সামাজিক স্বীকৃতি চাইছেন। পেশা নিয়ে তাঁদের কোনো লজ্জা সেই, আড়ষ্টতা নেই। আর, আমরা যে-যেখানে কাজ করি যেখানেই তো চাই, আমার পেশার যা বিপদ তা যেন আমার পরিবারকে, আমাদের বাচ্চাকাচ্চাকে ছুঁতে না পারে। হাসপাতাল থেকে ফিরে ডাক্তারবাবু বা নার্স কি জামাকাপড় না ছেড়ে হাতমুখ না ধুয়ে ছেলেমেয়েদের ছোঁন? আর আমি যে অফিসে কাজ করি বা যে স্কুলে পড়াই সেখানে যদি সেপাই আর মাস্তান আর পাড়ার দাদারা এসে রোজ সর্দারি করেন, তা কি আমরা সহ্য করব?

সেই সভা থেকে আমি এই দুটো শিক্ষা নিয়ে এসেছিলাম। সত্যিকারের বৃত্তি বা পেশার সম্মান কাকে বলে। একটি বেশ্যা মেয়ে যখন মঞ্চে দাঁড়িয়ে বলে— আর সবার কাজের মতই আমার কাজটাও একটা কাজ ও সে কাজে আমি সম্মান চাই, নিরাপত্তা চাই ও আমার পরিবারের বাচ্চাকাচ্চাদের প্রতিরক্ষা চাই, তখন, 'কাজ' কথাটার মানে অনেক বদলে যায়, অনেক সুন্দর হয়। 'যৌনকর্মী' বলে কোনো সম্মানের দরকার নেই। কেউ কি হাইকোর্টের জজকে 'আইনকর্মী' বলেন? না। আমাদের নতুন নাম দেবেন না। আমরা যে কাজ করি, সেই কাজটাকে সামাজিক সম্মান দিন। কর্পোরেশন ছেলেগুলোকে অন্তত বিকেল চারটে থেকে রাত নটা পর্যন্ত বাচ্চাদের থাকার জায়গা ও নিয়মিত সান্ধ্য সরকারি স্কুল হিসেবে ব্যবহারের ব্যবস্থা করুন। আর, আমাদের পাড়ায় টহল দিতে আসা সেপাইকে দালাল হতে দেবেন না। একটু উঁচু পদের অফিসাররা যদি পালা করে কিছুক্ষণ ডিউটি দেন তাহলে আমরা একটু নিশ্চিন্ত মনে করতে পারি— যেভাবে মেয়েদের স্কুল-কলেজের কাজে কোনো দঙ্গল পুলিশ ঠেকায়।

**নারী কোনও পণ্য নয়**
**মানুষ বলে গণ্য হোক**

## শেঠ বাগানে মহিলা সংঘ গড়ে ওঠার সূচনা

পুতুল সিং

ঠিক ১৩ বছরের আগের কথা। আমরা মহিলারা মিলে সংঘ তৈরি করি। আমাদের সংগঠন গড়ে তোলার পিছনে এক ইতিহাস লুকিয়ে ছিল, যা বর্বরতার সামিল। আমাদের পুরুষ সমাজ মহিলাদের একটু অন্যায় দেখলে বিষেদ্‌গার করতে ছাড়ে না। কিন্তু সমাজে যখন মহিলারা বর্বরতার শিকার হয় তখন কোথায় আমাদের প্রতিবাদ, কোথায় আমাদের আন্দোলন? এই বুদ্ধিজীবীরূপী পুরুষেরা মানবিকতা, ভুলে তখন মুখে কুলুপ এঁটে বসে থাকেন। অসহায় নারীদের কাছ থেকে সমস্ত কিছু কেড়ে নিয়েও গুণ্ডারা দৈহিক নিপীড়নের হাত থেকে তাদের রেহাই দিত না। তখন কিছু শুভবুদ্ধিসম্পন্ন মানুষ ঠিক করলেন, এর একটা বিহিত করতে হবে। অত্যাচারের প্রতিবাদ করতে হবে।

যাই হোক, আমরা চিন্তা করলাম যে, এই অত্যাচার আর সহ্য করা যায় না। এবং সমস্ত মেয়েদের নিয়ে একটা আলোচনায় বসলাম যে এর উচিত শিক্ষা দিতে হবে। আমরা ঠিক করলাম, কোন মেয়ে যদি অত্যাচারিত হয়, তবে তার পাল্টা জবাব দেবে। পরদিন দেখলাম যে, একটা গুণ্ডা একটি মেয়ের কাছ থেকে টাকা চেয়েছিল; কিন্তু মেয়েটি না দিতে চাওয়ায়, ছেলেটি তাকে বেদম মার মেরে অসুস্থ করে দেয়।

আমরা এর প্রতিবাদ করলাম। সেই ব্যক্তি হুমকির সুরে আমাদেরকে মেরে ফেলবার ভয় দেখিয়ে গেল। তখন আমরা ঝাঁপিয়ে পড়াতে সেইদিন রাতে বোমা নিয়ে আমাদের উপর হামলা চালাল, আমরাও ছাড়বার পাত্রী ছিলাম না। তখন সবাই মিলে তাকে চারদিক থেকে ঘিরে পুলিশের হাতে তুলে দিলাম। ইতিমধ্যে তাদের সঙ্গী আমাদের উপর অনবরত বোমা ছুঁড়তে লাগল। মরিয়া হয়ে আমরাও বোমা ছুঁড়লাম। তারপরে সবাই মিলে চাঁদা তুলে কিছু জিনিস কিনলাম, এবং ঠিক করলাম এই হিংস্র মানুষদের হাত থেকে রেহাই পেতে হলে চাই ঐক্য এবং এর জন্য পাহারা ব্যবস্থা চালু করতে হবে। ভাগাভাগি করে আমরা সবাই মিলে পাহারা দিতাম। এভাবে দিনের পর দিন এই ব্যবস্থা চালু করে আমরা ওদেরকে এলাকা থেকে উৎখাত করলাম। পাড়াতে শান্তি বিরাজ করতে লাগল। এবং আমরা ঠিক করলাম, আমাদের নিজেদের বিপদের জন্য আমাদের আপনা ঘর আপনি সামলাতে হবে। এর জন্য আমরা সংগঠন তৈরি করলাম, তার নাম দিলাম 'শ্রমজীবী মহিলা সংঘ'। আগে যে-সমস্ত বাধা বিপত্তি ছিল, তা এই সংগঠন করে দূর করতে পেরেছি। মেয়েদের পড়াশুনা, সেলাই শেখানোর ব্যবস্থা, ছোট বাচ্চাদের পড়াশুনা, বিনে পয়সায় চিকিৎসা প্রভৃতি নিয়ে সংঘ আজ উন্নতির দিকে এগিয়ে চলেছে। এলাকার উন্নতি কীভাবে করা যায় তার প্রচেষ্টা চালাচ্ছি। পাঠক, এ কোন গল্প-কাহিনী নয়। সৌভাগ্যের কথা এই যে, গুণ্ডারা চলে গেছে; অনেকে ভুল বুঝতে পেরে এখন আবার আমাদের সঙ্গে সহযোগিতা করছে।

অনুলিখন ঃ মমতা দাস

* লেখিকা একজন পীয়ার এডুকেটর

## ক্যালিফোর্নিয়া সফর ঃ যৌনপেশা সম্পর্কিত আন্তর্জাতিক সম্মিলন

সাধনা মুখার্জী

প্রথম যখন আমেরিকা যাওয়ার কথা স্যার-এর কাছে শুনলাম, অদ্ভুত এক আনন্দে মন ভরে গেল। অপর দিকে এমনও মনে হচ্ছিল যে, একটা নতুন দেশ, ভাষা আলাদা— কীভাবে তাদের কাজের কথা আমি বুঝব, কী করেই বা 'আমাদের' কথা তাদের কাছে পৌঁছে দেব! যাওয়ার পর কিন্তু আর সেই দ্বিধা থাকল না। যারা সম্মিলন আয়োজন করেছিলেন তারা আমাকে ভারতীয় হিসেবে চিনে নিয়েছিলেন সহজেই। তার বড় কারণ আমার পোশাক (শাড়ি); এমন পোশাক তো ওখানকার আর কেউই পরে নি। তাছাড়া আমি যে মহিলা সমন্বয় কমিটি থেকে এসেছি তাও বুঝলেন, কারণ ভারতবর্ষ থেকে একটাই মাত্র যৌনকর্মী-সংগঠন ঐ সম্মেলনে আমন্ত্রিত হয়েছিল।

প্রথমেই পরিচয়পর্বে জানা গেল যে, সারা পৃথিবী থেকে কুড়িটা দেশের প্রতিনিধিরা সেখানে উপস্থিত হয়েছেন। যতক্ষণ না সবার ভালভাবে আলাপ জমে উঠেছিল, মন থেকে সংকোচ বা ভয় কিন্তু যায় নি। শেষে অবশ্য (ভাষার বেড়াজাল থাকলেও) ভীষণ ভাল লাগছিল এই মনে করে যে, এমন অভিজ্ঞতার দিনও আমার জীবনে এল। ছয়দিনের অনুষ্ঠানের প্রথম তিনদিন ছিল প্রাথমিক পর্ব এবং পরের তিনদিন আমাদের নিজেদের মধ্যে কিছু আলাপ-আলোচনা হয়। মানে সব দেশের যৌনকর্মীরা যৌনপেশা, ব্যক্তিগত জীবন এবং পেশার সমস্যা নিয়ে আলোচনা করেন। কী কী বিষয় নিয়ে আজ ভাবনার দিন এসেছে এবং আমাদের নিজেদের জীবনের উত্তরণ সম্বন্ধে কী ভাবছি তাও আলোচিত হয়েছিল। আলোচনার মাধ্যমে বোঝা যায় কোন্ দেশের আইনের স্বীকৃতি আছে বা কোন্ দেশের নেই। যাদের পেশার উপর কোনও আইনগত বাধা নেই তারা মোটামুটি নিশ্চিন্তে রোজগার করতে পারেন; অথচ আমাদের মত আরও কিছু দেশে আমরা যারা এই পেশায় আছি বলে আইনের চোখে অপরাধী তারা প্রতিটি দিন যন্ত্রণার মধ্যে কাটাচ্ছি। মহিলা সমন্বয় কমিটি থেকে যৌনকর্মীদের পেশার আইনি স্বীকৃতির জন্য যা করছি এবং নাবালিকা মেয়ে পেশায় আসা বন্ধ করার জন্য যে আমরা 'স্বশাসিত বোর্ড' চাই — এসব নিয়ে আমি কথা বলি। যাদের দেশে সংগঠন আছে (ল্যাটিন আমেরিকা) বা যাদের নেই, সবাই ব্যাপারটা বোঝার পর একমত হয়ে মেনে নেয়।

শেষ তিনদিনের মূল কনফারেন্সে পৃথিবীর ইতিহাসে যৌনপেশার অবস্থান; যৌনকর্মীদের নিয়ে যতরকম আইন আছে; সমকামিতা স্বাভাবিক না অস্বাভাবিক; পুরুষ যৌনকর্মীদের জীবন; যৌনপেশার সঙ্গে যৌনরোগ এবং এইচ. আই. ভি. এডসের কী সম্পর্ক — এইসব বিভিন্ন বিষয় নিয়ে বুদ্ধিজীবীরা এবং যৌনকর্মীরা আলোচনা করেন। এই মূল কনফারেন্সে আমি 'মহিলা সমন্বয় কমিটি'-র অতীত, বর্তমান এবং ভবিষ্যৎ নিয়ে সভার সামনে কথা বলি।

এই সফরে শিখলাম কী করে মানুষের সঙ্গে বন্ধুত্বপূর্ণ আচরণ করে তার মনের খবর জেনে তার সঙ্গে নিবিড়ভাবে কাজ করা যায়;এবং বুদ্ধিজীবী মানুষদের জন্য আলোচনাচক্র করে আমাদের খবর তাদের কাছে পৌঁছে দেওয়া যায়। অনেক বুদ্ধিজীবীরা আবার আমাদের দিকে সাহায্যের হাতও বাড়িয়ে দিয়েছেন — তাদের সঙ্গে ভাল সম্পর্ক বজায় রেখে কাজ কীভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায়, তাও শেখার। বিভিন্ন যৌনপল্লীতে কাজ করতে গিয়ে দেখেছি যে, খদ্দেরকে নিরোধ ব্যবহার করানো কত অসুবিধা; জাপানের 'বুবুর' কাছে শিখলাম পেশারই কায়দায় কীভাবে একাজ সম্ভব! আজ যে এত কিছু লিখে জানাতে বা বোঝাতে পারলাম, তাতে এস. টি. ডি. / এইচ. আই. ভি. ইন্টারভেনশন প্রোগ্রামের ফিল্ড সুপারভাইজার নয়নীতাদির সাহায্য অনেকখানি কাজ করেছে। তিনিও গিয়েছিলেন আমার সঙ্গে — সেখানে সব সময় (ইংরেজী জানি না বলে) অনুবাদকের কাজ করে দিয়েছেন তিনি। তাছাড়া তিনি এই সম্মিলনে প্রজেক্ট - সম্পর্কিত সব কথা সবার সামনে তুলে ধরেন।

—অনুলিপিত

## আমার দেখা

এ. কে মাইতি

আজও মনে আছে—

১৯৯১ সনের ৩রা অগাস্ট রবিবার রাতে প্রথম দেখা হলো পূর্ণিমার সাথে; সেদিন ওর মুখে দেখেছি হতাশার ছায়া; কথার মধ্যে বুঝতে পেরেছিলাম ঃ

যাহা আজ পেয়েছি আমি / এ নয় আমার চাওয়া /
যাহা আজ চেয়েছি আমি / হয় নাই আজও পাওয়া।

মনের চাওয়া-না-পাওয়ার যে যন্ত্রণা, সেই যন্ত্রণাতে দিনের পর দিন ওকে অস্থির হতে দেখেছি— আমি দেখেছি যৌন পেশায়— মানুষের অমানবিক অত্যাচারকে প্রতিবাদ না জানিয়ে নীরবে সহ্য করতে, আমি ওকে হাসি এবং খুশি মনে দেখেছি; কিন্তু ওই মনের আড়ালে এক ব্যথাভরা মন— যে মনটা স্বাধীনভাবে, ভদ্রভাবে বেঁচে থাকার জন্যে ব্যাকুল হয়ে পড়ত। ব্যাকুল হতো যৌন পেশার যন্ত্রণা থেকে মুক্তি পাওয়ার জন্যে। এখন দেখছি ১৯৯৪ সালে এস টি ডি/এইচ আই ভি ইন্টারভেনশন প্রোগ্রাম প্রোজেক্টের কাজে নিযুক্ত হওয়ার পর থেকে পূর্ণিমাকে অনেক সপ্রতিভ লাগছে। আগের থেকে এখন ও অনেক বেশি কর্মচঞ্চল।

অন্যায়ের বিরুদ্ধে ঘুরে দাঁড়ানোর জন্যে পায়ের তলায় মাটি খুঁজে পেয়েছে পূর্ণিমা। বুঝতে শিখেছে এই পৃথিবীটা শুধু বৌবাজারের নবীন চাঁদ নয়। এর বাহিরেও সুন্দর পৃথিবী আছে, যে পৃথিবী থেকে আমিও আনন্দ পাব।

আমি লক্ষ্য করছি— পূর্ণিমা আজ নিজের জীবন সম্বন্ধে অনেক সচেতন হয়েছে।

এই পরিবর্তন দেখে মনে হচ্ছে অযত্নে পড়ে থাকা সোনাকে যত্ন করলে সেই সোনা যেমন তার আসল রূপ ফিরে পায় সেই রূপ এস টি ডি এইচ আই ভি প্রোজেক্টের যিনি কর্ণধার ডঃ জানা মহাশয়, ডঃ মিত্র, সুপার ভাইজার দিদিরা এবং প্রোজেক্টের অন্যান্য শুভানুধ্যায়ীদের স্নেহ, ভালোবাসা, কর্মকুশলতা ঐকান্তিক প্রচেষ্টা ওকে বাস্তববাদী হতে সাহায্য করেছে। ফিরিয়ে দিয়েছে সামাজিক মর্যাদা, প্রেরণা যুগিয়েছে কর্মে উদ্ভাসিত হতে। আমার মিসেসের এই রূপান্তর আমায় অভিভূত করেছে। আমিও এই প্রোজেক্টের কাছে চিরকৃতজ্ঞ এই জন্যে আমার মিসেসকে এই প্রোজেক্টই পেরেছে অন্ধকার দিশেহারা জীবনকে প্রকৃত আলোয় ঠিকানায় পৌঁছে দিতে। পেয়েছে যন্ত্রণাবিহ্বল মনে শান্তির প্রলেপ দিতে। এই প্রোজেক্টের আদর্শ, কর্মধারাই হবে আমার মিসেসের আগামী দিনে চলার পাথেয়।

এস টি ডি এইচ আই ভি প্রোজেক্ট সম্বন্ধে আর-একটা কথা না বললে আমার এ লেখা অর্থহীন হয়ে যাবে। ২২শে অগাস্ট রবিবার শিবপুর বি গার্ডেনে প্রোজেক্টের আমন্ত্রণে এক আলোচনাসভায় আমার উপস্থিত হওয়ার সৌভাগ্য হয়েছিল। উপস্থিত হয়ে বুঝতে পেরেছি এই প্রোজেক্ট কেবল একজনকে নিয়েই চিন্তা করছে না। সকল অসহায় মেয়েদের নিয়ে ভাবছে এবং তাদের পাশে এসে দাড়িয়েছে, সেই সঙ্গে বাঁচতে গেলে যে-সব বিষয় নিয়ে আলোকপাত করা একান্ত আবশ্যক, সেদিকেও নজর দিয়েছে।

## বাংলাদেশ থেকে ঘুরে এসে

রেখা চৌধুরী

গত ২৪শে জুলাই থেকে ৩১শে জুলাই ১৯৯৭ আমাদের অর্থাৎ এস. টি. ডি./ এইচ. আই. ভি. ইন্টারভেনশান প্রোগ্রামের আট জন সদস্যা এবং এক জন সদস্য মোট ন জনের একটা টিম ভারত এবং বাংলাদেশের মধ্যে যৌন ব্যবসা এবং অন্যান্য সংশ্লিষ্ট সামাজিক বিষয়ে যোগসূত্র স্থাপনের উদ্দেশ্যে বাংলাদেশে গিয়েছিল।

বাংলাদেশ দক্ষিণপূর্ব এশিয়ার একটি ছোট উন্নয়নশীল দেশ। নদী, নালা, খাল, বিল ইত্যাদি নিয়েই এই দেশের বৈচিত্র্য। এই দেশে রয়েছে ৬৬টি জেলা এবং জেলাগুলি আবার শহরে এবং গ্রামে ভাগ করা হয়েছে। রাষ্ট্রভাষা বাংলা, তবে অন্যান্য ভাষার সঙ্গেও পরিচিতি রয়েছে। বিভিন্ন সম্প্রদায় নিয়ে প্রায় ১২ কোটি মানুষের বাস এই দেশে।

অন্যান্য দেশের মতোই বাংলাদেশের মানুষও এডস জীবাণু অর্থাৎ হিউম্যান ইমিউনো ডেফিসিয়েসি ভাইরাস-এর শিকার হয়েছেন। ১৯৮৯ সালে প্রথম বাংলাদেশে এক জন এডস রোগীর সন্ধান পাওয়া যায়। ন বৎসরের মধ্যে রোগীর সংখ্যা বেড়ে দাঁড়ায় ৮১;এর মধ্যে চার জন মারাও গিয়েছেন। বাচ্চা থেকে শুরু করে পুরুষ এবং মহিলা কেউই এই মারণ ব্যাধির আশঙ্কা থেকে মুক্ত নয়। ওয়াল্ড হেলথ্ অর্গানাইজেশনের রিপোর্ট অনুযায়ী বাংলাদেশে এইচ. আই. ভি. আক্রান্তের সংখ্যা প্রায় ২০ হাজার — এই সংখ্যা আরো বাড়বে বলে তাঁরা জানিয়েছেন।

এই অবস্থায় অনেকগুলি বেসরকারী, সরকারী ও আন্তজার্তিক প্রতিষ্ঠান সামাজিক এবং অর্থনৈতিক উন্নয়নমূলক কাজের সঙ্গে এডস রোগ প্রতিরোধ-এর কাজও করছেন। এরা কাজ করছেন বিশেষ করে গ্রামের গৃহবধূদের ও মেয়েদের নিয়ে, যাদের অর্থনৈতিক অবস্থা খুবই খারাপ, এবং যৌনকর্মী, ড্রাগ আসক্ত ব্যক্তি ও ট্রাক ড্রাইভার, খালাসী, পোশাক কারখানায় কর্মরত পুরুষ ও মহিলা শ্রমিক, পুলিশ, সৈন্য বাহিনীর লোকজন এবং সমাজের বিভিন্ন স্তরের লোকজনদের নিয়ে।

বাংলাদেশের বিভিন্ন জেলায় স্থায়ী যৌনকর্মীদের এলাকা রয়েছে। তার মধ্যে বিখ্যাত হলো ঢাকা জেলার নারায়ণগঞ্জের টানবাজার, টাঙ্গাইল, দৌলতিয়া, চট্টগ্রাম, যশোর, খুলনা, বাগেরহাট ইত্যাদি জেলায়। এই এলাকাগুলি বেশির ভাগই দুশো বছরেও বেশি পুরানো। বাংলাদেশের যৌনব্যবসা বহু পুরানো হলেও বংশগতভাবে কেউ এই পেশায় নেই, যেটা নেপাল বা ভারতে রয়েছে— বিভিন্ন অসহায় পরিস্থিতির শিকার হয়েই মেয়েরা এই পেশায় এসেছেন। এই দেশে যৌনপেশাকে জীবিকা হিসাবে নেওয়ার জন্য আদালত থেকে পূর্ণ বয়স্কের একটা প্রমাণপত্র নিতে হয়। স্থায়ী যৌনকর্মী ছাড়াও ঢাকা শহরে প্রায় সাত

হাজার 'ভাসমান' যৌনকর্মী রয়েছেন। তাঁদের বাস রাস্তার ফুটপাথ, ব্রিজের তলা, উদ্যান, আদালত এবং সংসদ ভবনের প্রান্তর ইত্যাদি জায়গায়। এছাড়া ভারতে বা অন্যান্য দেশের যৌনপেশায় চলে আসে বা নিয়ে আসা হয় প্রচুর মেয়েকে।

বিভিন্ন সমাজসেবী সংস্থার এডস প্রতিরোধমূলক কাজকর্মের মধ্যে পিয়ার এডুকেশন, কণ্ডোমপ্রদান কাউন্সেলিং, চিকিৎসা পরিষেবা, ওষুধ বিতরণ ইত্যাদি রয়েছে। বিভিন্ন সমাজসেবী সংস্থা, গণস্বাস্থ্য, গ্রামীন ব্যাঙ্ক এডস প্রতিরোধ কর্মসূচীর পাশাপাশি বিভিন্ন অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নমূলক কাজকর্ম করেন;যথা গ্রামীণ গৃহবধূ ও মেয়েদের এবং বাচ্চাদের ঋণপ্রদান, সঞ্চয়ের সুযোগ, বৃত্তিমূলক শিক্ষা, স্বাস্থ্য সম্বন্ধে সচেতনতা হোম, হোস্টেল, পুনর্বাসন ইত্যাদির সুযোগ সুবিধা দেওয়া হয়।

রক্ষণশীল দৃষ্টিভঙ্গীর বাধা বিপত্তি অতিক্রম করে গ্রামীণ মেয়েদের এবং যৌনকর্মীদের নিয়ে কাজকর্ম করে বিভিন্ন সংস্থাগুলি যথেষ্ট প্রশংসা অর্জন করেছে। মেয়েদের বিশেষ করে যারা লেখাপড়া জানে না তাদের দিয়ে যে কতরকম কাজ শেখানো বা করানো যায় তার জন্য বিশেষ প্রশংসা অর্জন করেছে 'গণস্বাস্থ্য' সংস্থা।

লেখিকা ঃ সুপারভাইজার, সোনাগাছি

## বোটানিকাল গার্ডেনের অনুষ্ঠান

কল্যাণ মুখার্জী

আজ চারিদিকে নারীমুক্তি আন্দোলনের জোয়ার বইছে। আমরা নারী বলতে সমাজের গণ্যমান্য নারীকে বুঝতাম বা বোঝাতাম। কিন্তু এই প্রোজেক্টের কাজের সাফল্য এমন জায়গায় পৌছেছে যে আজ আমরা নিষিদ্ধ পল্লীর নারীকেও পবিত্র নিষ্পাপ নারী হিসাবে সম্মান দিতে শিখেছি। তাই আমরা সবাই মিলে গত ২২শে জুন বোটানিকাল গার্ডেনে উন্মুক্ত আকাশের তলায়, বিশাল নির্ভরযোগ্য গাছের তলায়, সবুজ ঘাসের উপরে বসে আনন্দ উৎসব করতে পেরেছি। মন খুলে কথা বলতে পেরেছি। তাই আমার ব্যক্তিগত অভিজ্ঞতার থেকে বলতে পারি, আমার সংক্ষিপ্ত জীবনের সব থেকে আনন্দঘন মুহূর্ত, যা আমি জীবনে কখনও পাইনি। ওই দিন আমার স্ত্রীকে সমাজের সামনে স্বীকৃতি দিতে পেরে আমি গর্বিত।

আমি ব্যক্তিগতভাবে চাই এই ধরনের অনুষ্ঠান হোক। আমি এই ধরনের কাজে নিজেকে নিযুক্ত করতে পারলে নিজেকে ধন্য মনে করবো। এই ধরনের কাজে আমার মন এবং শরীর সব সময় সাহায্যের জন্য এগিয়ে আসবে। ঐদিন সবার কথা শুনে আমি বুঝতে পেরেছি মেয়েরা সবাই এই বদ্ধ ছোট্ট গণ্ডির থেকে উন্মুক্ত আকাশের নিচে আসতে চায়। মানুষের মধ্যে মানুষের মতো বাঁচতে চায়। এই বাঁচার সংগ্রামে কোন রাজনৈতিক দাদা, পাড়ার মস্তান, বা দালালরা যেন বাধা না হয়ে দাঁড়ায়। যদিও বা দাঁড়ায় আমি ব্যক্তিগতভাবে রুখে দাঁড়াবো। কারণ আমি জানি, আমি নিজে সৎ, তাই আমার পাশে সৎ মানুষের সাহায্য পাবো। ওই সৎ মানুষরা হলেন আপনাদের প্রোজেক্টের নিরলস কর্মীরা। আপনাদের কাজের গুণে এখানকার মেয়েরা নিরক্ষর থেকে সাক্ষরতার দিকে অনেকটা এগিয়ে গেছে। তারা ভালমতো শরীরের চিকিৎসা করাতে পারছে, যা আগে ছিল না। ভয়ংকর রোগ সম্পর্কে সচেতন হয়েছে। অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ করতে শিখেছে। ন্যায় বিচার করতে শিখেছে। পুলিশের জুলুমের বিরুদ্ধে রুখে দাঁড়াতে শিখেছে। বাড়িওলার অন্যায় অত্যাচারের বিরুদ্ধে মুখ ফুটে কথা বলতে শিখেছে। মেয়েরা আপনাদের কাজে উৎসাহিত হয়েছে। তাদের মনে হয়েছে এই কাজ করাটা তাদের নৈতিক দায়িত্ব। আপনাদের কাজের জন্য মেয়েরা নিজেদের ভবিষ্যতের কথা চিন্তা করে কো অপারেটিভ গঠন করেছে। এই এখন মেয়েরা বৈজ্ঞানিক উপায়ে তাদের ব্যবসা করতে পারছে। আপনাদের মিলোনোৎসবের দিনে মেয়েদের দেখে আমার মনে হয়েছে রবীন্দ্রনাথের কথায় 'এই আকাশে আমার মুক্তি' আর আমার ব্যক্তিগত- ভাবে মনে হয়েছে রবীন্দ্রনাথের কথায়, 'আলোকের এই এই ঝর্ণাধারায় ধুইয়ে দাও— সব মলিনতা ধুইয়ে দাও'।

## নেটওয়ার্কিং — কিছু কথা

সুধাংশু চক্রবর্ত্তী

### ব্যাপারটা কি

কথা হচ্ছিল জলপাইগুড়ির এক উঠতি ব্যবসায়ীর সাথে। গৌরচন্দ্রিকা শেষ হয়েছে কি হয়নি দুম করে বলে ফেলন 'ওরা বেরুল কি করে!' ওরা মানে একটি টিমের কয়েকজন সদস্যের কথা জানতে চাইছে। এই টিম জলপাইগুড়িতে এসেছে এখানের যৌনকর্মীদের সাথে কথা বলতে। এই টিমে রয়েছে প্রজেক্টের দুই সুপারভাইজার দিদি, দু'জন পিয়ার এডুকেটর তথা যৌনকর্মী এবং একজন ফিল্ড কোঅর্ডিনেটর, সংখ্যায় পাঁচজন, তো ওনার প্রশ্ন ওই দু'জন যৌনকর্মীদের ঘিরেই। আশ্চর্য হচ্ছেন এই বস্তুগত অবস্থান থেকে গুণগত অবস্থায় যাওয়াটা সম্পর্কে। বললাম এই প্রজেক্ট (এস.টি.ডি./এইচ.আই.ভি ইন্টারভেনশন প্রোগ্রাম) মূলত একটা রিসার্চ প্রজেক্ট হিসাবে কাজ শুরু করে সোনাগাছি যৌনপল্লীতে। তারপরে এসেছে ইন্টারভেনশন প্রোগ্রাম। তারই ফলশ্রুতি 'ওরা বেরুল নিজেদের কাজ নিজেরাই করার তাগিদে।'

### দরকারই বা কি

ইন্টারভেনশন প্রোগ্রাম ১৯৯২ সালে শুরু করেছিল তিনটে জরুরী বিষয় নিয়ে— যৌনরোগ নিরাময় আর এইসব রোগ সম্পর্কে সচেতন করা এবং এডস্ ঠেকানোর জন্য বিনে পয়সায় কনডম পৌছে দেওয়া। তো এই কাজে অভিজ্ঞতার ফসল হল— কনডম পরবে, কি না পরেই খদ্দের বসাবে, চিকিৎসার জন্য এই ক্লিনিকে আসবে কি না আসবে, সচেতন করার ফ্লিপচার্ট দেখার অবসর মিলবে কিনা — এর সিদ্ধান্ত গ্রহণে এই মেয়েটির কোন হাত নেই। যতই দোরে দোরে গিয়ে বোঝাও, সুফল দূর অস্ত। তাহলে পেরেকটা মারতে হবে ওই অধিকারের গোড়ায়। যা একজন যৌনকর্মীকে দেবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা। তো এই অধিকার কি সহজেই মিলবে। জগদ্দল পাথর যা চেপে বসে আছে, তা সহজে মানবে কি, ছেড়ে দেবে জায়গা। সহজেই নয়। 'অধিকার চাই' একথা নিজে বিশ্বাস করতে হবে সবচেয়ে আগে, তারপরে তো সমাজের সর্বস্তরের মানুষজন।

### কি কাজ

জল তেষ্টা পেলে, কলের তলায় বাটি ধর, ঝরঝর করে জল পড়বে, পিপাসাও মিটবে। কলের নব্ ঘোরালেই জলের দেখা মিলতে হলে চাই এক মজবুত ব্যবস্থা। যেখানে রয়েছে একটা আধার, সেটা আবার একটু উচুঁস্থানে (মাটি থেকে) বসালে চাপ ও নিরাপত্তা থাকে। যার সাথে শত শত পাইপের মাধ্যমে হাজার হাজার মানুষের চাহিদা মেটানো হয়। এটা কিন্তু একমুখী— আধার থেকে জল পাইপ দিয়ে গিয়ে কল থেকে পড়বে, কল দিয়ে

কোনসময়ে আধারে যায়, না। তাই উদ্দেশ্য বলছে উভমুখী হতে হবে, মানে — বিভিন্ন জনের কাছে পৌঁছে দিয়ে খবরা-খবর নিয়ে আসা এবং সেই অনুযায়ী কর্মসূচী বা কৌশল ঠিক রাখা। একটা আদান-প্রদানের জন্য সংযোগের সেতু গড়ে তোলা। বিভিন্ন পল্লীর সাথে, সহমর্মী মানুষজনের সাথে, সরকারে বিভিন্ন দপ্তরের সাথে। তৈরী হবে যোগাযোগের যেন এক ঠাস বুনন জাল। মানতে হবে এ লড়াই ভিতরের লড়াই, বাইরের লড়াই।

**কার কাজ**

সেতু বানাতে কনসালটেন্ট চাই, টেন্ডার দেওয়া হোক, পাশ করা ইঞ্জিনিয়ার নিয়ে এস, সুয়োগ বুঝে টু পাইস কামাও। না না ভাবনা দেনে ওলার দরকার নেই, দরকার করনেওলার। করে দেখানো চাই। কে করবে। কেন, যাদের জন্য সেতু, তারাই আঁকবে নকশা, যোগাড় করবে মাল-মশলা, নিরন্তন বুনে যাবে সংযোগের জাল আর বিশ্বাস ও নির্ভরতার আধার। তবে হ্যাঁ সলতে পাকানোর দরকার আছে, ওটা ঠিকঠাক হলে প্রদীপ আপনি জ্বলে। প্রথমেই চাই মানসিকতার পরিবর্তন(গত জন্মের পাপের ফসল না ভেবে। করতে পারব, যেতে পারব, পাল্টানো যাবে এই বোধ আনতে হবে। আর এটা যে অনেক অংশে দেখা দিচ্ছে তা ধরা দিচ্ছে ওনার প্রশ্নে। আর এটাই ইন্টারভেনশন প্রোগ্রামের কয়েকটি সফলতার একটি।

**রাত কত হল**

উত্তর আছে। রাজ্যের ৩০টি জায়গার যৌনপল্লীর(দ্বীপপুঞ্জ নয়) সাথে সেন্ট্রাল কমিটির যোগাযোগ গড়ে উঠেছে। তাদের পৌঁছে গেছে রোগ সংগ্রান্ত (HIV/AIDS) পুস্তিকা, নিজেদের দৈনন্দিনের সমস্যা মোকাবিলা করার জন্য তৈরী হয়েছে শাখা কমিটি,ভার নিয়েছে খবরা-খবর দেওয়া নেওয়ার— গড়ে উঠেছে এক যোগাযোগ রক্ষাকারী সচল ব্যবস্থা। এই সব শাখা কমিটি খোলার জন্য এগিয়ে এসেছেন এলাকার মানুষজন, লোকাল কাউন্সিলার, পঞ্চায়েত মেম্বার এবং সমাজের বিভিন্ন স্তরের মানুষজন। জাতীয় ও আর্ন্তজাতিক স্তরে প্রতিনিধিরা বক্তব্য রেখে আসছেন। প্রশিক্ষণ, পঠন-পাঠন ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সক্ষম করে তোলার প্রচেষ্টা অব্যহত।

**মেলবন্ধন**

বিনে পয়াসায় ভোজ হয় না, শ্রম বা কোনও না কোন ব্যবস্থা বা প্রযুক্তির সাহায্য নিতে হয়, হাতিয়ারও লাগে। শুরু হয়ে গিয়েছে 'সোসাল মার্কেটিং অব কনডম'। একই সাথে এটা দিচ্ছে রোগ-প্রতিরোধের কবচ আর সাথে সাথে স্বনির্ভর হবার সুযোগ। এমপাওয়ারমেন্ট (Empowerment) তত্ত্বে নেই, তথ্যের তালিকা এগোচ্ছে পা পা করে। নিজেদের কথা নিজেদের মতো করে বলার জন্য তৈরী হয়েছে মঞ্চ—সমন্বয় কমিটি। সরকারী অনুমোদনের সময় যুতে গেছে একটি সুদুর প্রসারী শব্দ, হয়ে গেল 'দুর্বার মহিলা সমন্বয় কমিটি'। মাশুল— দিতে হয়েছে বইকি। 'পেটের জন্য এ পেশায় আসা', 'এখন হল গিয়ে ঘরের খেয়ে বনের মোষ তাড়াতে হবে', 'পারবি নি বাপু, পারবি নি....।' ধ্বনি, প্রতিধ্বনি—হয়েছে। কিন্তু ওই যে সলতে পাকানার কাজ যা তিল তিল করে গড়ছে বিশ্বাস ও নির্ভরতার আধার। পরের ছবি বলছে, আশাব্যঞ্জক, স্বতঃস্ফূর্ত ভাবে মেয়েরা এগিয়ে আসছে, কাঁধে কাঁধ মিলিয়ে মেরামতির কাজে হাত লাগিয়েছে। যোগাযোগ রক্ষাকারী ব্যবস্থাকে সচল রাখতে চাইছে, নতুন নতুন মুখ দেখা যাচ্ছে। ওই যে নতুন মুখ, নতুন ধান প্রচেষ্টার ফসল। আর ওই নতুন ধানে হবে নবান্ন সবার ঘরে ঘরে—এই আশায় বুক বাঁধলাম।

---

লেখক 'দুর্বার মহিলা সমন্বয় কমিটি'র ফিল্ড কো-অর্ডিনেটর

**যদি ভাবো কিনছো আমায় ভুল ভেবেছো,**
**আমাকে না আমার আদর কিনছো তুমি**

# কোমলগান্ধারের অনুষ্ঠান, ৩১শে মার্চ, ১৯৯৭

রীতা মৌলিক

আমাকে এই দায়িত্ব নিতে হবে আমি ভাবতেও পারিনি। হঠাৎই দায়িত্ব এসে পড়ায় খুবই চিন্তিত হলাম। চিন্তা মাথায় নিয়েই পাঁচ জনের দল নিয়ে ২৯শে মার্চ দিল্লী রওনা হলাম।

'মহিলা সমন্বয় কমিটি'-র বয়স খুবই অল্প, সবে চলতে শিখেছে। পথ-ঘাটের নিয়ম-কানুনও স্পষ্ট নয় এদের কাছে। কিন্তু 'আমরা করবো জয় নিশ্চয়' এই মনোভাব নিয়েই এরা এদের যাত্রা শুরু করলো।

আমার মনে হচ্ছিল আজ এই অল্পবয়সী সংগঠন সমস্ত কিছুকে উপেক্ষা করে সামিল হতে চলেছে এক অজানা শহরের বুকে— যেখানে ঘটবে এক নতুন পরিচিতি— লক্ষ্য আমাদের জয়।

দিল্লী পৌঁছলাম রবিবার সকালে। হোটেলে পৌঁছতেই প্রধান চিন্তা যে, আগামীকালের অনুষ্ঠানের জন্য প্রস্তুত হবে। আমি অবাক হয়ে যাচ্ছিলাম যে, এরা কি ক্লান্তি বোধ করছে না? আমি বলেছিলাম, একটু বিশ্রাম করে নিন, খাওয়া সেরে তারপর বিকেলে প্রস্তুতি নিলেই হবে। বিকেল গড়াতেই একটু চা পেটে দিয়েই এরা শুরু করলো তাদের প্রস্তুতি। আমি আশ্চর্য হয়ে গেলাম এদের চেষ্টা দেখে। হোটেলে রাত ন'টার মধ্যে রাতের খাবার সেরে নিতে হবে, এটা মেয়েদের পছন্দ হচ্ছিল না। যাই হোক, তারা রাতের খাবার খেয়ে নিয়েই প্রস্তুতি পাঠ শুরু করে দিয়েছিল। সাংস্কৃতিক অনুষ্ঠান হবে;তার রিহার্সাল শুরু হতেই হোটেল কর্তৃপক্ষ জানালেন যে, রিহার্সাল দেওয়া যাবে না। মেয়েরা ভীষণ-ই দুঃখ পেল। তারা নিজেরাই ঠিক করলো রিহার্সাল আমরা দেবই; তবে আস্তে আস্তে ডায়ালগ বলবো। রবিবার রাত্রি দুটো পর্যন্ত এই মহড়া ছিল, আমি দায়িত্বে ছিলাম। আমি বার বার বলেছি এবার শুয়ে পড়, কিন্তু ওরা আমাকে ধমক দিয়ে শেষে রাত্রি আড়াইটের সময় যে-যার ঘরে শুতে গেল। পরের দিন ১২টার মধ্যে দুপুরের খাবার সেরেই রওনা হতে হবে। গাড়ি এল ঠিক ১২টায়, রওনা হলাম শ্রীরাম সেন্টার অভিমুখে। আমার তো বুক টিপটিপ করছে। আহ্বায়ক আমাদের একটা ঘর দিলেন। আমাদের সদস্যরা আবার শেষবারের মতো মহড়া দিচ্ছেন। ইতিমধ্যে অন্যান্য অংশগ্রহণকারী সংস্থা এসে হাজির। ভারতবর্ষের বেশ কয়েকটি রাজ্য থেকে তাঁরা এসেছেন;সকলেই পেশায় থাকা মেয়েরা যেমন— দিল্লী, বোম্বাই, রাজস্থান, রায়পুর, বেনারস, কলিকাতা।

এক-এক রাজ্য এক এক ধরনের অনুষ্ঠান পরিবেশন করেন। গজল, কাঁচ বাদন, বাঁশি, ভজন, নাচ এবং 'মহিলা সমন্বয় কমিটির' মেয়েরা পরিবেশন করেন তাদের নিজেদের কাজ সম্পর্কিত কিছু তথ্য, যেমন তাদের সমস্যা এবং পেশায় থাকলে মেয়েদের কী কী রোগ হয়, পুলিশী অত্যাচার প্রভৃতি কিছু সমস্যা অভিনয়ের মাধ্যমে তুলে ধরেন দর্শকদের সামনে। প্রতিটি অধ্যায়-ই দর্শকদের কাছে এক আশ্চর্য অনুভূতিপূর্ণ ছিল। আমিও লক্ষ্য করছিলাম তাদের অভিনয়। কিন্তু ভাবতেও একটু অসুবিধা হচ্ছিল যে, যে-মেয়েরা কখনও কোনদিনই অভিনয় করার সুযোগ

পায়নি, অভিনয় করার সুযোগ যাদের জীবনে কোনও দিনও আসেনি সেই মেয়েদের নিয়ে মাত্র ১৫ দিনের মহড়া দিয়ে দর্শকদের মনে এক বিশাল অনুভূতি এনে দিল মহিলা সমন্বয় কমিটির সাংস্কৃতিক শাখা। হঠাৎ মাইক্রোফোন থেকে ভেসে এল প্রতিযোগিতায় উত্তীর্ণের নাম! আমি আনন্দে সত্যিই আত্মহারা হয়েছিলাম এদের কৃতিত্বের কথা শুনে। সামনের মেয়েরা এক কথায় চিৎকার করে বলে উঠল 'দিদি, আমরা প্রথম হয়েছি।' আমি প্রত্যেককে আরও উৎসাহ দিলাম। তখন এদের চাই আরও প্রেরণা, আরও আন্তরিকতা।

এর মধ্যে গুড়িয়া সংস্থার একজন এসে আমাকে জানালেন, আপনার দল প্রথম হয়েছে। একজনকে নির্বাচন করে দিন সেই পুরস্কার বিতরণ করবে। এরপর আমি লোলিতা মালি-কে দিয়ে পুরস্কার বিতরণ করালাম।

এরপর মহিলা সমন্বয় কমিটির পরিচিতি হিসাবে জানানো হলো, এরা কী ধরনের কাজকর্ম করছে, কী করে মহিলা সমন্বয় কমিটি গঠন হল, এটা প্রকৃতপক্ষে কাদের সংগঠন প্রভৃতি।

প্রত্যেককে অবাক করেছিল এই মহিলা সমন্বয় কমিটির পরিচিতি, প্রত্যেকের মুখে একই কথা, কী করে এটা সম্ভব হয়েছে। অনেক সংগঠন আছে কিন্তু আমরা এই প্রথম শুনেছি যে যৌনকর্মীদেরও একটা সংগঠন হতে পারে।

এরপর প্রেস কনফারেন্স হলো। জাতীয় নারী কমিশনের চেয়ারপারশন শ্রীমতী মোহিনী গিরি জানতে চাইলেন মহিলা সমন্বয় কমিটি সম্পর্কে, কী করে এটি সম্ভব হয়েছে, কী কী কাজ এদের, কী কী কাজ এদের সামনে আছে। এরা গর্বের সঙ্গে জানালো যে, এরা একটা সমবায়ও করেছে যা সরকারী স্বীকৃতি পেয়েছে। শ্রীমতী গিরি মেয়েদের অসুবিধার কথা শুনলেন। তিনি জানালেন, তিনি সমস্যাগুলোর সমাধান করার চেষ্টা করবেন'।

আমার কাছে দিল্লী যাত্রা একটি অভিনব অনুভূতি; যাদের জন্য, যাদেরকে কেন্দ্র করে দিল্লী যাওয়া, তাদের সাফল্য— এটা আমার কাছে একটি সার্থক যাত্রা মনে হয়েছে। মানুষ চেষ্টা করলে সব কিছুই পারে— যা প্রমাণ করেছে মহিলা সমন্বয় কমিটি-র এই সাংস্কৃতিক শাখা 'কোমলগান্ধার'।

লেখিকা : সুপারভাইজার, সোনাগাছি


## কৃতজ্ঞতাস্বীকার

- পশ্চিমবঙ্গ এবং অন্যান্য অঞ্চলের যৌনকর্মীরা
- শুভাকাঙ্ক্ষী, সহমর্মী, বন্ধু, সহযোগী এবং পৃষ্ঠপোষকবৃন্দ
- স্বেচ্ছাসেবী সংগঠন সমূহ
- পঞ্চায়েত, পশ্চিমবঙ্গ
- কলকাতা কর্পোরেশন
- কলকাতা পৌরসভা, পশ্চিমবঙ্গ
- পশ্চিমবঙ্গ সরকার
- প্রচার মাধ্যম
- যুবভারতী ক্রীড়াঙ্গন
- বিজ্ঞাপনদাতা
- হেল্‌থ অ্যান্ড ইকো-ডিফেন্স সোসাইটি, কলকাতা
- হিউম্যান ডেভেলপমেন্ট অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট
- সোসিও লিগাল এইড রিসার্চ অ্যান্ড ট্রেনিং সেন্টার, কলকাতা
- উষা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড, কলকাতা
- এস ডি টি / এইচ আই ভি ইন্টারভেনশন প্রোগাম, কলকাতা
- হেল্‌থ অ্যাকশন রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ট্রাস্ট, কলকাতা
- অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব হাইজিন অ্যান্ড পাবলিক হেল্‌থ, কলকাতা
- ইউ এন এইডস (UNAIDS), নয়া দিল্লী
- জাতীয় এইডস নিয়ন্ত্রণ সংস্থা (NACO), নয়া দিল্লী
- পশ্চিমবঙ্গ যৌনস্বাস্থ্য প্রকল্প (WBSHP), কলকাতা
- অক্সফ্যাম (ইন্ডিয়া ট্রাস্ট), কলকাতা
- হেল্‌থ অ্যান্ড পপুলেশন অফিস (ডিপার্টমেন্ট ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট), নয়া দিল্লী
- ক্যাথিড্রাল রিলিফ সার্ভিস, কলকাতা
- ভলন্টারি হেল্‌থ অ্যাসোশিয়েশন অব ইন্ডিয়া, নয়া দিল্লী



FIRST NATIONAL CONFERENCE OF SEX WORKERS • DURBAR MAHILA SAMANWAYA COMMITTEE • CALCUTTA • 1997

# শক্তির উন্নতিতে

কয়লা — প্রকৃতির সবচেয়ে বড় দান এবং ভারতবর্ষের অর্থনৈতিক উন্নতিতে এর অবদান অপরিসীম। আমাদের হাতে হাতে মিলিয়ে, এই সাশ্রয়কারী শক্তি উৎপাদনের মাধ্যমে দেশের অর্থনৈতিক চক্রকে গতিশীল রাখতে যারা নিরলস পরিশ্রম করে চলেছে — তাদের পারিপার্শ্বিক এবং সার্বিক উন্নতিই আমাদের একমাত্র লক্ষ্য।

**কোল ইন্ডিয়া লিমিটেড**
১০, নেতাজি সুভাষ রোড
কলিকাতা ৭০০ ০০১

with best compliments from

Berger Paints India Limited

Berger House

129, Park Street, Calcutta 700 017

---

প্রতিবেশীর ঈর্ষা

(শীততাপ নিয়ন্ত্রিত)

বালুচরী

মহাত্মা গান্ধী রোড এবং কলেজ স্ট্রীটের সংযোগস্থলে

(গ্রেস সিনেমার উল্টোদিকের গলি)

৮/২, ভবানী দত্ত লেন, কলিকাতা ৭০০ ০৭৩

ফোন : ২৪১ ৪৮৩০

বিপুল সম্ভার : কাঁথাস্টিচ • তসর বালুচরি • সোনামুখি সিল্ক • সোনামুখি তসর • ফেব্রিক পেইন্ট

with best compliments from

Human Development &
Research Institute

43/C, Nimtala Ghat Street
Calcutta 700 006